# বার্ষিক প্রতিবেদন
## ২০২৪-২০২৫






বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

# বার্ষিক প্রতিবেদন
# ২০২৪-২০২৫

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রকাশকাল**
সেপ্টেম্বর ২০২৫

**প্রকাশনা ও সত্ব**
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

**উপদেষ্টা**
জনাব মুহাম্মদ ফাওজুল কবির খান
মাননীয় উপদেষ্টা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

**সার্বিক নির্দেশনায়**
জনাব মোহাম্মদ আবদুর রউফ
নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

**সম্পাদনা পরিষদ**

| | | |
|---|---|---|
| ১. | জনাব মোঃ ভিখারুদ্দৌলা চৌধুরী, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | আহ্বায়ক |
| ২. | জনাব মো: হাবিবুর রহমান, অতিরিক্ত পরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৩. | জনাব মো: ওয়ালীউল হাসান, অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৪. | জনাব তনুশ্রী সাহা, প্রোগ্রামার, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৫. | জনাব এ. এফ. এম. তাজুল ইসলাম, উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৬. | জনাব মোঃ ওয়াশিম আলী, নির্বাহী প্রকৌশলী (নদীশাসন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৭. | জনাব মো: মোশাররফ হোসেন, উপপরিচালক (হিসাব ও বাজেট), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৮. | জনাব মোঃ মাসুদ রানা শিকদার, জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য |
| ৯. | জনাব মুক্তাদির বিল্লাহ, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | সদস্য সচিব |

**প্রচ্ছদ পরিকল্পনা**
সম্পাদনা পরিষদ

**মুদ্রণ**
ক্রিয়েটিভ ক্রিয়েশন প্রিন্টার্স
২৭৭/২, এলিফ্যান্ট রোড, কাটাবন, ঢাকা-১২০৫
মোবাইল: ০১৬২২-১০৩৬৩৫
ই-মেইল: creationprinters99@gmail.com

বিসমিল্লাহির রহমানির রহিম



**মুহাম্মদ ফাওজুল কবির খান**
**উপদেষ্টা**
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং
রেলপথ মন্ত্রণালয়

# বাণী

আসসালামু আলাইকুম,

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের সেতু বিভাগের আওতাধীন সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত কার্যক্রমের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

দেশের সর্বস্তরে বৈষম্য দূরীকরণে সামগ্রিক আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং সম্পদের সুষম বণ্টন নিশ্চিত করা অপরিহার্য। আর এজন্যই সহজ ও ব্যয়সাশ্রয়ী যোগাযোগ ব্যবস্থার গুরুত্ব অপরিসীম।

সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণের মাধ্যমে দেশের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সেতু বিভাগের আওতাধীন সংস্থা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অগ্রণী ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতায় ইতোমধ্যে যমুনা সেতু, ধলেশ্বরী নদীর উপর ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু, পদ্মা সেতু, কর্ণফুলী টানেল এবং ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে ফার্মগেট/বিএফডিসি গেট পর্যন্ত অংশ বাস্তবায়িত হয়েছে। উক্ত প্রকল্পসমূহের সফল বাস্তবায়নের ফলে দেশের যোগাযোগ ব্যবস্থায় নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে এবং সকল শ্রেণি-পেশার জনগণ এর সুফল ভোগ করছে।

বাস্তবায়িত প্রকল্পসমূহ ছাড়াও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতায় ঢাকা শহরের যানজট সমস্যা সমাধানে ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প এবং পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়া, শরীয়তপুর চাঁদপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ, ভোলা-বরিশাল সড়কে কালাবদর ও তেঁতুলিয়া নদীর উপর সেতু নির্মাণ, ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ এবং ভূলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণেরও পদক্ষেপ গ্রহণ করেছে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। পাশাপাশি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য দীর্ঘমেয়াদি মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হয়েছে।

দেশের পরিবহন ব্যবস্থার আধুনিকায়নের লক্ষ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ জনগুরুত্ব বিবেচনায় নিয়ে তার কর্মপরিধি অনুযায়ী সময়োপযোগী ও লাভজনক প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের মাধ্যমে এক নতুন বাংলাদেশ বিনির্মাণে অবদান রাখবে বলে আমি আশা করি।

আমি ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ কার্যক্রমের সার্বিক সাফল্য কামনা করছি এবং প্রকাশনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

মুহাম্মদ ফাওজুল কবির খান

বিসমিল্লাহির রহমানির রহিম



**শেখ মইনউদ্দিন**
**মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী**
(প্রতিমন্ত্রীর পদমর্যাদা)
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

# বাণী

আসসালামু আলাইকুম,

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ২০২৪-২০২৫ অর্থবছরের কার্যক্রমের ওপর বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে-জেনে আমি আনন্দিত। এই প্রতিবেদনের মাধ্যমে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের গত অর্থবছরের কার্যক্রমের সচিত্র তথ্য তুলে ধরা হবে। আমি এ উদ্যোগকে আন্তরিকভাবে স্বাগত জানাই।

দেশের সার্বিক উন্নয়নের জন্য প্রয়োজন সবার জন্য সমান সুযোগ, সম্পদের ন্যায্য বণ্টন এবং সহজ, কার্যকর ও টেকসই যোগাযোগ ব্যবস্থা। এই লক্ষ্যকে সামনে রেখে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ দীর্ঘদিন ধরে নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে নিরবচ্ছিন্নভাবে কাজ করে যাচ্ছে।

যমুনা সেতু, পদ্মা সেতু, কর্ণফুলী টানেল, বাংলাদেশ-চীন মৈত্রী সেতু এবং ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের মতো গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ সফলভাবে বাস্তবায়নের মাধ্যমে দেশের যোগাযোগ ব্যবস্থায় নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে। এসব স্থাপনা শুধু অবকাঠামোগত নিদর্শন নয়, বরং মানুষের জীবনযাত্রায় গতি এনেছে, অর্থনীতিকে করেছে গতিশীল ও সুসংহত।

এছাড়া, যানজট নিরসন, দক্ষিণাঞ্চলের সড়ক নেটওয়ার্ক সম্প্রসারণ এবং বিকল্প সড়ক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের কাজ চলমান রয়েছে। পাশাপাশি, ভবিষ্যতের উন্নয়ন চাহিদা ও জাতীয় পরিকল্পনার সঙ্গে সামঞ্জস্য রেখে একটি সুদূরপ্রসারী মাস্টারপ্ল্যানের আওতায় আরও কার্যকর ও সময়োপযোগী উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যা দেশের যোগাযোগ ব্যবস্থাকে আরও আধুনিক ও টেকসই করে তুলবে।

আমি বার্ষিক প্রতিবেদন প্রকাশ কার্যক্রমের সার্বিক সফলতা কামনা করছি এবং সংশ্লিষ্ট সবাইকে জানাচ্ছি আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

শেখ মইনউদ্দিন

বিসমিল্লাহির রহমানির রহিম



**মোহাম্মদ আবদুর রউফ**
**নির্বাহী পরিচালক**
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

# বাণী

আসসালামু আলাইকুম,

যে কোন দেশের সার্বিক আর্থ-সামাজিক উন্নয়নের একটি অন্যতম পূর্ব শর্ত হচ্ছে যোগাযোগ ব্যবস্থা তথা ভৌত অবকাঠামোর উন্নয়ন। উন্নত যোগাযোগ ব্যবস্থা ছাড়া আধুনিক বিশ্বের সঙ্গে অর্থনৈতিক কর্মকাণ্ডে তাল মিলিয়ে চলা কঠিন। প্রতিনিয়তই দেশের অর্থনীতির ক্রমবর্ধমান বিকাশ, কৃষি ও শিল্প পণ্যের পরিবহনসহ যানবাহন সংখ্যা বৃদ্ধি পাওয়ায় নতুন অবকাঠামো (সেতু, টানেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ে ইত্যাদি) নির্মাণ করা হচ্ছে। বর্তমানে বিভাগীয় শহরের বাইরেও জেলা, উপজেলা, ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যন্ত নিরবচ্ছিন্ন যোগাযোগের আওতায় চলে এসেছে। এর ফলে মানুষের আর্থ-সামাজিক উন্নতি যেমন হয়েছে, তেমনি চলাচলের সুযোগও বৃদ্ধি পেয়েছে।

তবে অবকাঠামো উন্নয়নে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে টেকসই উন্নয়নকে আরও বেশি করে গুরুত্ব প্রদান করা প্রয়োজন। প্রাকৃতিক পরিবেশের অযৌক্তিক ক্ষতি রোধসহ বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের সামাজিক এবং অর্থনৈতিক চাহিদার মধ্যে ভারসাম্য বজায় রেখে টেকসই উন্নয়ন করলে তা বাংলাদেশের পাশাপাশি সমগ্র বিশ্বের জন্য কল্যাণ বয়ে আনবে।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ সৃষ্টির পর হতে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি, উন্নয়ন চাহিদা ও জনগুরুত্বকে বিবেচনায় রেখে সকল অঞ্চলের মধ্যে সুষ্ঠু, সমন্বিত, নিরবচ্ছিন্ন ও প্রযুক্তিনির্ভর যোগাযোগ ব্যবস্থাসহ অবকাঠামোগত উন্নয়ন গড়ে তোলার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। এ কর্তৃপক্ষের আওতায় ১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টানেল, ফ্লাইওভার, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, সাবওয়ে, লিংকরোড ইত্যাদি নির্মাণ, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ হয়ে আসছে।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ইতোমধ্যে পদ্মা সেতু, যমুনা সেতু, কর্ণফুলী টানেল, মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতু এবং ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়েসহ (শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর-ফার্মগেট পর্যন্ত) বিভিন্ন মেগা প্রকল্প সফলভাবে বাস্তবায়ন করেছে। বর্তমানে এ সকল স্থাপনায় যান চলাচল উন্মুক্ত রয়েছে। এ স্থাপনাসমূহ দেশের অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি দারিদ্র্য নিরসন, জীবনমান এবং আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ কর্তৃপক্ষের আওতায় আরও কিছু উল্লেখযোগ্য উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সার্বিক কার্যক্রমের ওপর ভিত্তি করে প্রণীত ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশের সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

মোহাম্মদ আবদুর রউফ

# সূচিপত্র


| ক্রম. | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১। | ভূমিকা | ৮ |
| ২.১। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ৯ |
| ২.২। | প্রধান কার্যাবলি | ৯ |
| ২.৩। | বোর্ডের গঠন | ৯ |
| ২.৪। | জনবল | ৯ |
| ২.৫। | নিয়োগ ও পদোন্নতি | ১০ |
| ২.৬। | বিভিন্ন অনুবিভাগ ভিত্তিক দায়িত্ব | ১০ |
| | ১। পরিচালক (প্রশাসন) | ১০ |
| | ২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | ১০ |
| | ৩। পরিচালক (অর্থ ও হিসাব) | ১১ |
| | ৪। প্রধান প্রকৌশলী (কারিগরি) | ১২ |
| | ৫। পরিচালক (অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স) | ১২ |
| ২.৭। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা | ১৩ |
| ২.৮। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ১৩ |
| ২.৯। | জাতীয় শুদ্ধাচার কৌশল | ১৩ |
| ২.১০। | সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) | ১৩ |
| ২.১১। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) | ১৩ |
| ২.১২। | তথ্য অধিকার | ১৪ |
| ২.১৩। | অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি | ১৫ |
| ২.১৪। | মামলা সংক্রান্ত তথ্যাদি | ১৫ |
| ২.১৫। | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উল্লেখযোগ্য কর্মকাণ্ড/অর্জন | ১৫ |
| | ১। পদ্মা সেতু নির্মাণের জন্য গৃহীত ঋণের কিস্তি পরিশোধ | ১৫ |
| | ২। ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর সেতু) সেতুর সংগৃহীত টোলের অর্থ জমাকরণে চুক্তি | ১৫ |
| | ৩। ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর সেতু) সেতুর সংস্কার কাজের চুক্তি স্বাক্ষর | ১৬ |
| | ৪। পদ্মা সেতু এবং যমুনা সেতুতে রেকর্ড পরিমাণ টোল আদায় ও যানবাহন পারাপার | ১৬ |
| | ৫। পদ্মা সেতুতে Electronic Toll Collection (ETC) সিস্টেম | ১৬ |
| | ৬। ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে শীর্ষক পিপিপি প্রকল্পের Transaction Advisor সেবা | ১৬ |
| | ৭। পেমেন্ট গেটওয়ে ব্যবহারে চুক্তি স্বাক্ষর | ১৬ |
| | ৮। সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে চুক্তি স্বাক্ষর | ১৬ |
| | ৯। অভ্যন্তরীণ প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা | ১৭ |
| | ১০। প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | ১৮ |
| | ১১। ICT বিষয়ক প্রশিক্ষণ ও শতভাগ ই-নথি বাস্তবায়ন | ২০ |
| | ১২। বিভিন্ন স্থাপনা হতে ২০২৪-২৫ অর্থবছরে আদায়কৃত টোলের পরিমাণ (অনিরীক্ষিত) | ২০ |
| | ১। যমুনা সেতু | ২০ |
| | ২। মুক্তারপুর সেতু | ২১ |
| | ৩। পদ্মা সেতু | ২২ |
| | ৪। কর্ণফুলী টানেল | ২২ |
| | ১৩। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আয় এবং ব্যয় | ২২ |

| | | |
|---|---|---|
| | ১৪। এডিপিভুক্ত নিজস্ব অর্থায়নে প্রকল্পসমূহের বাজেট বাস্তবায়ন অগ্রগতি | ২২ |
| | ১৫। নিজস্ব অর্থায়নে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি | ২৩ |
| ২.১৬। | **বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্পসমূহ** | ২৬ |
| | ১। যমুনা সেতু | ২৬ |
| | ২। ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (মুক্তারপুর সেতু) | ২৬ |
| | ৩। পদ্মা সেতু | ২৬ |
| | ৪। কর্ণফুলী টানেল | ২৬ |
| | ৫। চাঁদপুর-শরীয়তপুর সড়কে ও গজারিয়া-মুন্সীগঞ্জ সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য মাস্টারপ্ল্যান প্রণয়ন | ২৭ |
| ২.১৭। | **চলমান উল্লেখযোগ্য প্রকল্পসমূহ** | ২৭ |
| | ১। ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প | ২৭ |
| | ২। কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহালিয়া-কালাইয়া সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প | ২৭ |
| | ৩। পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প | ২৭ |
| | ৪। মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প | ২৮ |
| | ৫। সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প | ২৮ |
| | ৬। গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (এলিভেটেড অংশ) | ২৮ |
| | ৭। সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II (বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অংশ) | ২৯ |
| | ৮। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প | ২৯ |
| ২.১৮। | **পিপিপি প্রকল্প** | ২৯ |
| | ১। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প | ২৯ |
| ২.১৯। | **প্রক্রিয়াধীন উল্লেখযোগ্য প্রকল্প** | ২৯ |
| | ১। শরীয়তপুর-চাঁদপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ | ২৯ |
| | ২। পিপিপি ভিত্তিতে ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ | ৩০ |
| | ৩। ধলেশ্বরী নদীর উপর ২য় মুক্তারপুর সেতু নির্মাণ | ৩০ |
| | ৪। বরিশাল-ভোলা সড়কে কালাবদর ও তেঁতুলিয়া নদীর উপর সেতু নির্মাণ | ৩০ |
| | ৫। ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ | ৩০ |
| ২.২০। | **ভবিষ্যতে বাস্তবায়িতব্য প্রকল্পসমূহ** | ৩১ |
| | ১। দেশের দ্বীপ অঞ্চলের সাথে যোগাযোগ স্থাপনের জন্য সেতু/টানেল নির্মাণ | ৩১ |
| | ২। পাটুরিয়া-গোয়ালন্দ অবস্থানে দ্বিতীয় পদ্মা সেতু নির্মাণ | ৩১ |
| | ৩। ঢাকা শহরে সাবওয়ে নির্মাণ | ৩১ |
| | ৪। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যানে চিহ্নিত বাস্তবায়িতব্য সম্ভাব্য প্রকল্প | ৩২ |
| ২.২১। | **বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের স্থাপনাসমূহের টোল হার** | ৩৩ |
| | ১। যমুনা সেতুর টোল হার | ৩৩ |
| | ২। ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর (মুক্তারপুর সেতু) টোল হার | ৩৩ |
| | ৩। পদ্মা সেতুর টোল হার | ৩৪ |
| | ৪। ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের টোল হার | ৩৪ |
| | ৫। কর্ণফুলী টানেলের টোল হার | ৩৫ |
| ২.২২। | **উপসংহার** | ৩৫ |
| | পরিশিষ্ট | |
| | ক। সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) | ৩৬ |

# ভূমিকা

নদীমাতৃক বাংলাদেশে আর্থ-সামাজিক উন্নয়নে সুষ্ঠু, নিরাপদ, সময়-সাশ্রয়ী, সুলভ ও সমন্বিত যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার বিকল্প নেই। এ লক্ষ্যে ১৯৮৫ সালে অধ্যাদেশের মাধ্যমে যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ গঠন করা হয়; যা পরবর্তীতে কার্যপরিধি বৃদ্ধি এবং পুনর্গঠন করে ১৯ ডিসেম্বর ২০০৭ তারিখে প্রকাশিত গেজেটে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নামে পরিচিতি লাভ করে। এ কর্তৃপক্ষের মূল কাজ হলো ১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টানেল ও এলিভেটেড এক্সপ্রেসওয়ে, ফ্লাইওভার, কজওয়ে, সাবওয়ে এবং রিং রোড ইত্যাদি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ।

দেশের দক্ষিণাঞ্চলের সাথে রাজধানীর সুষ্ঠু ও সরাসরি যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ২০১৪ সালে পদ্মা নদীর উপর সেতু নির্মাণ কাজ শুরু হয়। বাংলাদেশ সরকারের সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে সেতু বিভাগের অধীন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত এ পদ্মা সেতু গত ২৬ জুন ২০২২ তারিখ থেকে জনগণের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়।

পদ্মা সেতু ছাড়াও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়িত অন্যতম একটি প্রকল্প কর্ণফুলী নদীর তলদেশে বহুলেন সড়ক টানেল নির্মাণ। বাংলাদেশ তথা দক্ষিণ এশিয়ার নদীর তলদেশে নির্মিত প্রথম সড়ক টানেলটি গত ২৯ অক্টোবর ২০২৩ তারিখে যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেয়া হয়। চট্টগ্রাম শহরের যানজট নিরসন এবং ঢাকার সাথে চট্টগ্রাম ও কক্সবাজারের সরাসরি সড়ক যোগাযোগ উন্নয়নে এই টানেল গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

ঢাকা শহরের যানজট নিরসনসহ ভ্রমণে সময় ও ব্যয় সাশ্রয় এর লক্ষ্যে "ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি" প্রকল্পটি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আরও একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। এ প্রকল্পের আওতায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দক্ষিণে কাওলা থেকে ফার্মগেট পর্যন্ত এলিভেটেড অংশ যান চলাচলের লক্ষ্যে গত ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে উন্মুক্ত করে দেয়া হয়। ২০ মার্চ ২০২৪ তারিখ হতে এফডিসি গেইট পর্যন্ত ১৩ কিলোমিটার অংশ যান চলাচলের জন্য উন্মুক্ত আছে। উল্লেখ্য, প্রকল্পটি হযরত শাহজালাল বিমান বন্দরের দক্ষিণে কাওলা হতে শুরু হয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক এর কুতুবখালী পর্যন্ত যাবে। র‍্যাম্পসহ এলিভেটেড এক্সপ্রেসওয়ের মোট দৈর্ঘ্য ৪৬.৭৩ কি.মি.। প্রকল্পটি ঢাকা শহরের উত্তর-দক্ষিণ করিডোরের সড়ক পথে অধিক সংখ্যক যানবাহন চলাচলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এছাড়াও প্রকল্পটি ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ের সাথে সংযুক্ত হলে ঢাকা ইপিজেড ও উত্তরবঙ্গের সাথে চট্টগ্রাম সমুদ্র বন্দরের যোগাযোগ সহজতর হবে।

বর্ণিত প্রকল্পসমূহ ছাড়াও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অধীনে আরও কিছু প্রকল্প যেমন ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে, পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ, কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহালিয়া-কালাইয়া সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণ, সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II (বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অংশ) এবং বিআরটি (বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের অংশ) নির্মাণ প্রকল্পের কাজ বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, 'মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ' প্রকল্পের কাজও চলমান। ভূগর্ভস্থ রাস্তা তথা সাবওয়ে নির্মাণের লক্ষ্যে ইতোমধ্যে ১০৫ কিলোমিটার এর প্রাথমিক ডিজাইনসহ মোট ২৫৮ কিলোমিটার এর সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে।

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য ৩০ বছর মেয়াদি মাস্টারপ্ল্যান প্রণয়ন কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ মাস্টারপ্ল্যানের আওতায় ইতোমধ্যে শরীয়তপুর চাঁদপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ, পিপিপি ভিত্তিতে ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ এবং ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া, দেশের দ্বীপ অঞ্চলের সাথে যোগাযোগ স্থাপনের লক্ষ্যে ভোলা-বরিশাল সড়কে কালাবদর ও তেঁতুলিয়া নদীর উপর সেতু নির্মাণ, কক্সবাজার-মহেশখালীসহ অন্যান্য সেতু নির্মাণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

যোগাযোগ ও পরিবহন ব্যবস্থার আধুনিকায়নের পাশাপাশি উন্নত, সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নিরলস কাজ করে যাচ্ছে।

## ২.১। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ

নদীমাতৃক বাংলাদেশে আর্থ-সামাজিক উন্নয়নে সুষ্ঠু, নিরাপদ, সময়-সাশ্রয়ী, সুলভ ও সমন্বিত যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার বিকল্প নেই। এ লক্ষ্যে ১৯৮৫ সালে অধ্যাদেশের মাধ্যমে যমুনা বহুমুখী সেতু কর্তৃপক্ষ গঠন করা হয়; যা পরবর্তীতে কার্যপরিধি বৃদ্ধি এবং পুনর্গঠন করে ১৯ ডিসেম্বর ২০০৭ তারিখে প্রকাশিত গেজেটে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ নামে পরিচিতি লাভ করে। অধ্যাদেশটি ২০০৯ সালের ৫৬ নং আইনে পরিণত হয়। ২৪ জুলাই ২০১৬ তারিখ Bangladesh Bridge Authority Ordinance, 1985 (Ordinance No XXXIV of 1985) রহিতক্রমে 'বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন, ২০১৬' (২০১৬ সনের ৩৪ নং আইন) জাতীয় সংসদে পাস হয় যা ০১ আগস্ট ২০১৬ তারিখ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

## ২.২। প্রধান কার্যাবলি

(ক) ১৫০০ মিটার ও তদূর্ধ্ব দৈর্ঘ্যের সেতু, টানেল, ফ্লাইওভার, এলিভেটেড এক্সপ্রেসওয়ে, কজওয়ে, সাবওয়ে, রিংরোড নির্মাণের জন্য জরিপ ও সমীক্ষা পরিচালনা এবং কারিগরি গবেষণা সম্পাদনের উদ্যোগ গ্রহণ;

(খ) সরকারের বিবেচনা ও অনুমোদনের জন্য সেতু, টানেল বা কর্তৃপক্ষের আওতাধীন অন্য কোন স্থাপনা নির্মাণের উদ্দেশ্যে পূর্ণাঙ্গ পরিকল্পনা প্রস্তুত করা এবং সরকার কর্তৃক অনুমোদিত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে সকল প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(গ) সরকারি বেসরকারি অংশীদারিত্ব প্রকল্পসহ অন্যান্য প্রকল্প গ্রহণ এবং সরকারের অনুমোদন সাপেক্ষে তার বাস্তবায়ন; এবং

(ঘ) কর্তৃপক্ষের আওতাধীন স্থাপনার প্রশাসন, ব্যবস্থাপনা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।

## ২.৩। বোর্ড সদস্য

| | | |
|---|---|---|
| ক. | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/উপদেষ্টা | চেয়ারম্যান |
| খ. | সচিব, সেতু বিভাগ | ভাইস-চেয়ারম্যান |
| গ. | সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ঘ. | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| ঙ. | সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| চ. | সচিব, বিদ্যুৎ বিভাগ | সদস্য |
| ছ. | সচিব, ভূমি মন্ত্রণালয় | সদস্য |
| জ. | সচিব, পানিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| ঝ. | সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | সদস্য |
| ঞ. | সচিব, অর্থ বিভাগ | সদস্য |
| ট. | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | সদস্য |
| ঠ. | সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন | সদস্য |
| ড. | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| ঢ. | সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ন. | নির্বাহী পরিচালক | সদস্য-সচিব |

## ২.৪ । জনবল

| অনুমোদিত পদ | | | পূরণকৃত পদ | | | শূন্যপদ | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট |
| ১৬৬ | ২২০ | ৩৮৬ | ১১২ | ১২৭ | ২৩৯ | ৫৪ | ৯৩ | ১৪৭ |

## ২.৫। নিয়োগ ও পদোন্নতি

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ৭ | - | ৭ | - | ৪৮ | ৪৮ | - |

## ২.৬। বিভিন্ন অনুবিভাগভিত্তিক দায়িত্ব

### (১) পরিচালক (প্রশাসন)

১. কর্তৃপক্ষের বোর্ড সভা সংক্রান্ত কার্যাবলি;
২. মাসিক সমন্বয় সভাসহ অন্যান্য সভা/সেমিনার আয়োজন;
৩. পদ সৃজন, সংরক্ষণ ও স্থায়ীকরণসহ টিওএন্ডই সংক্রান্ত কার্যাবলি;
৪. কর্মকর্তা-কর্মচারী নিয়োগ, পদোন্নতি, বদলি, অর্জিত ছুটি মঞ্জুর, শৃঙ্খলা ও সার্ভিস রেকর্ড সংরক্ষণ;
৫. বিভিন্ন কমিটি গঠনসহ অফিস আদেশ জারিকরণ;
৬. অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন;
৭. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ট্রাস্টি বোর্ড-এর কার্যক্রম পরিচালনা;
৮. আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা ও নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কার্যাবলি;
৯. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পক্ষে দেশি-বিদেশি সংস্থার সঙ্গে চুক্তি স্বাক্ষর;
১০. যানবাহন ক্রয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যাবলি;
১১. ভূ-সম্পত্তি অধিগ্রহণ, গেজেট প্রকাশ, নামজারিকরণ এবং রেকর্ড পত্রাদি সংরক্ষণ;
১২. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জমি ও স্থাপনার ব্যবস্থাপনা ও অবৈধ দখলদার উচ্ছেদ;
১৩. তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান কর্মকর্তা নিয়োগ;
১৪. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রস্তুত ও হালনাগাদকরণ;
১৫. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ও এর অধীন প্রকল্পসমূহের মামলা পরিচালনা;
১৬. কেপিআইসহ সকল স্থাপনার সার্বিক নিরাপত্তা কার্যক্রম তদারকিকরণ;
১৭. সেতু ভবন রক্ষণাবেক্ষণ, অফিস, বাসাবাড়ি, মেস বরাদ্দ ও এতদসংক্রান্ত রেকর্ডপত্র সংরক্ষণ;
১৮. পুরাতন গাড়ি, ফার্নিচার, অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণা ও নিলামের মাধ্যমে বিক্রির ব্যবস্থাকরণ;
১৯. স্টেশনারি, অফিস সরঞ্জাম, কম্পিউটার, প্রিন্টার, ফ্যাক্স, স্ক্যানার ইত্যাদি ক্রয় ও রক্ষণাবেক্ষণ;
২০. ভাণ্ডার পরিদর্শন ও ব্যবস্থাপনা;
২১. টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল সংযোজন ও রক্ষণাবেক্ষণ;
২২. ওয়েব পোর্টালের ব্যবস্থাপনা;
২৩. লাইব্রেরির জন্য দৈনিক পত্রিকা, বইপত্র, জার্নাল, ম্যাগাজিন, সাময়িকী ইত্যাদি ক্রয় ও সংরক্ষণ;
২৪. প্রটোকল, জনসংযোগ ও প্রেস বিজ্ঞপ্তি সংক্রান্ত কার্যাবলি;
২৫. জাতীয় দিবসসমূহ উদযাপন;
২৬. কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণ, বার্ষিক ক্রীড়া ও বিনোদনের আয়োজন; এবং
২৭. কর্তৃপক্ষের নির্দেশমতে অন্যান্য কার্যাবলি।

### (২) পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

১. উন্নয়ন প্রকল্প সংক্রান্ত টিপিপি, জরিপ/সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রস্তাব, পিডিপিপি, ডিপিপি প্রণয়ন;
২. বার্ষিক উন্নয়ন কর্মসূচির জন্য বাজেট বরাদ্দ প্রস্তাব প্রণয়ন, নতুন প্রকল্প অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব প্রেরণ;

৩. উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বাজেট বিভাজন প্রণয়ন, বিভাজন আদেশ জারি এবং অর্থ ছাড়করণ সংক্রান্ত কার্যাদি;
৪. সেতু বিভাগের মধ্যমেয়াদি বাজেট কাঠামো, বাজেট প্রণয়ন এবং এ সংক্রান্ত কার্যক্রমে সহায়তা প্রদান;
৫. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বৈদেশিক অর্থ সংগ্রহের প্রচেষ্টা গ্রহণ;
৬. প্রকল্পের PIC সভার আয়োজন;
৭. কর্তৃপক্ষের পিপিপি সেলের কার্যক্রম পরিচালনাসহ পিপিপি প্রকল্প সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
৮. সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির জন্য সংশ্লিষ্ট বিষয়ের উপর সার-সংক্ষেপ প্রণয়ন;
৯. একনেক সভায় সেতু বিভাগের সচিব মহোদয়ের অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট বিষয়ের উপর প্রতিবেদন প্রণয়ন;
১০. উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণ, পুনর্বাসন ও পরিবেশ বিষয়াদি মনিটরিং;
১১. উন্নয়ন প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সেতু বিভাগে প্রেরণ;
১২. আইএমইডি কর্তৃক প্রণীত ছক অনুসারে মাসিক ও ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়ন এবং সেতু বিভাগে প্রেরণ;
১৩. ইআরডি'র প্রমাপ অনুসারে প্রকল্প সাহায্য সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন এবং প্রেরণ;
১৪. পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের জন্য পরিকল্পনা বিভাগ/সংশ্লিষ্ট ডিভিশনে তথ্যাদি প্রেরণ;
১৫. প্রকল্পের হালনাগাদ তথ্যাদি সংবলিত প্রতিবেদন প্রধানমন্ত্রীর কার্যালয়, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশনসহ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ;
১৬. প্রকল্পের সমীক্ষা প্রতিবেদনসহ বিভিন্ন প্রতিবেদন এবং Aide Memoire-এর উপর মতামত প্রদান;
১৭. উন্নয়ন প্রকল্পের ভৌত ও আর্থিক কাজের পরিবীক্ষণ ও মূল্যায়ন;
১৮. সমাপ্ত প্রকল্পের PCR প্রণয়ন;
১৯. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ছক অনুসারে মাসিক প্রতিবেদন প্রেরণ;
২০. প্রকল্পের সমস্যা ও সমাধান বিষয়ে সভা আয়োজন;
২১. পুনর্বাসন ভিলেজে পুনর্বাসন, প্লট হস্তান্তর ইত্যাদি কার্যক্রম;
২২. বনায়নসহ পরিবেশ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম;
২৩. জাতীয় সংসদের প্রশ্নোত্তর প্রণয়ন, অনুমোদন এবং প্রেরণ;
২৪. সংসদীয় স্থায়ী কমিটিসহ অন্যান্য কমিটির সভার জন্য প্রতিবেদন প্রণয়ন এবং প্রেরণ;
২৫. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রস্তুত, স্বাক্ষর এবং সেতু বিভাগে প্রেরণ;
২৬. বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও বিভিন্ন প্রকাশনা সংক্রান্ত কাজ; এবং
২৭. কর্তৃপক্ষের নির্দেশমতে অন্যান্য কার্যাবলি।

## (৩) পরিচালক (অর্থ ও হিসাব)

১. আর্থিক হিসাব সংরক্ষণ (ক্যাশ ও ব্যাংক ভাউচার, জার্নাল ভাউচার, ক্যাশবুক, লেজার, ভ্যাট ও আয়কর রেজিস্টার, পার্টি রেজিস্টার, চেক রেজিস্টার);
২. বার্ষিক বাজেট প্রণয়ন ও বাজেট নিয়ন্ত্রণ ;
৩. iBAS++ এর বাজেট সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;
৪. বাসেক এর বিভিন্ন আয়-ব্যয় সংক্রান্ত কার্যাদি;
৫. আর্থিক বিষয়ে মতামত প্রদান;
৬. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের চাহিদা অনুযায়ী বিভিন্ন সময়ে আর্থিক বিবরণী ও প্রতিবেদন তৈরি এবং প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
৭. এক্সটার্নাল/ইন্টার্নাল অডিট কার্যক্রমের ব্যবস্থা গ্রহণ;
৮. অডিট আপত্তি নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৯. ইজারা, টোল ইত্যাদি রাজস্ব আদায়ের অভ্যন্তরীণ নিরীক্ষার ব্যবস্থা গ্রহণ;
১০. বিভিন্ন ঠিকাদারি প্রতিষ্ঠানের বিল, কনসালটেন্টদের ইনভয়েসসহ যাবতীয় বিল ও দাবিসমূহ পরীক্ষা-নিরীক্ষা এবং

নির্ধারিত সময় ও পদ্ধতিতে স্থানীয় ও বৈদেশিক মুদ্রায় পরিশোধের ব্যবস্থা গ্রহণ;

১১. উৎসে কর ও ভ্যাট কর্তন ও পরিশোধের যথাযথ ব্যবস্থা গ্রহণ;

১২. দাতা সংস্থা কর্তৃক প্রদত্ত ঋণ/ফান্ড ও ঋণের সুদের হিসাব সংরক্ষণ, বৈদেশিক ঋণের Amortization Schedule সংক্রান্ত কার্যাদি এবং ঋণ পরিশোধ (DSL) সংক্রান্ত কার্যাদি;

১৩. অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ব্যবস্থাপনা সম্পর্কিত নির্দেশাবলি সমন্বয় ও বাস্তবায়ন এবং কর্মসূচি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম তত্ত্বাবধান;

১৪. বাসেক এর অধীন সকল সেতু, টানেল, এলিভেটেড এক্সপ্রেসওয়ের টোল ও ট্যারিফ নির্ধারণ সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;

১৫. টোল আদায়, অবচয় তহবিল গঠন ও তহবিল (FDR, STD) ব্যবস্থাপনা;

১৬. টোল আদায়ের হিসাবসহ অন্যান্য হিসাব সংরক্ষণ;

১৭. আয়কর সংক্রান্ত বিভিন্ন মামলা তদারকি এবং আয়কর সংক্রান্ত যাবতীয় কার্যাবলি;

১৮. আউটসোর্সিংসহ সকল প্রকার কর্মকর্তা/কর্মচারীদের বেতন, ভাতাদি ও ভ্রমণ ভাতা বিল পরিশোধ;

১৯. সিপিএফ ফান্ড, গৃহমেরামত ও গৃহনির্মাণ, মোটরগাড়ি/মোটরসাইকেল ও কম্পিউটার ক্রয়ের জন্য ঋণ অগ্রিমের বিল প্রস্তুতকরণ, পরিশোধকরণ এবং আদায়করণ;

২০. বাসেক এ নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের কন্ট্রিবিউটরি তহবিলের হিসাব সংরক্ষণ ও ফান্ড ম্যানেজমেন্ট;

২১. কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীগণের শেষ বেতনের প্রত্যয়ন পত্র প্রদান করা, বার্ষিক বেতন বিবরণী এবং আয়কর প্রত্যয়নপত্র প্রদান;

২২. বাসেক ট্রাস্টি বোর্ড- এর আর্থিক হিসাব সংরক্ষণ ও তহবিল (FDR, STD) ব্যবস্থাপনা; এবং

২৩. কর্তৃপক্ষের নির্দেশমত অন্যান্য কার্যাবলি।

### (৪) প্রধান প্রকৌশলী (কারিগরি)

১. নতুন প্রকল্প চিহ্নিতকরণ ও সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা, টেকনিক্যাল রিপোর্ট ও কাজের অগ্রগতির রিপোর্ট প্রস্তুতকরণ;

২. নতুন প্রকল্পের টিপিপি, পিডিপিপি ও ডিপিপি প্রণয়ন সংক্রান্ত সহায়তাকরণ;

৩. কর্তৃপক্ষের সংশ্লিষ্ট ভৌত কাজ ও ক্রয়ের উদ্যোগ গ্রহণ এবং ডিজাইন প্রণয়ন ও প্রাক্কলন প্রস্তুতকরণ;

৪. সংশ্লিষ্ট কাজের ক্রয় পরিকল্পনা প্রণয়ন;

৫. দরপত্র দলিল প্রস্তুত, দরপত্র আহ্বান, মূল্যায়ন, কার্যাদেশ প্রদান, চুক্তি সম্পাদন;

৬. সম্ভাব্যতা সমীক্ষাসহ বিভিন্ন সেবা ক্রয়ের জন্য পরামর্শক/পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সংক্রান্ত ক্রয় প্রক্রিয়া সম্পন্নকরণ, চুক্তি সম্পাদন;

৭. নিয়োজিত ঠিকাদার/পরামর্শকের দাবিকৃত বিল যাচাই ও পরিশোধের সুপারিশ;

৮. সম্ভাব্যতা সমীক্ষাসহ উন্নয়ন প্রকল্প এবং অন্যান্য ভৌত ও সেবা কাজের বাস্তবায়ন তত্ত্বাবধান ও মনিটরিং;

৯. কারিগরি বিষয়ে মতামত প্রদান; এবং

১০. কর্তৃপক্ষের নির্দেশমতে অন্যান্য কার্যাবলি।

### (৫) পরিচালক (অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স)

১. সেতু ও অন্যান্য অবকাঠামোর অপারেশন ও মেইনটেন্যান্স কাজের প্রাক্কলন প্রস্তুত ও টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত, দরপত্র আহবান, মূল্যায়ন ও প্রক্রিয়াকরণ;

২. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন সেতুসমূহ ও অন্যান্য স্থাপনাসমূহের টোল আদায় কার্যক্রমের প্রাক্কলন প্রস্তুত, টেন্ডার ডকুমেন্ট প্রস্তুত ও দরপত্র আহবান প্রক্রিয়াকরণ;

৩. অপারেশন মেইনটেন্যান্স এবং টোল আদায় কাজের কারিগরি পরিদর্শন এবং কাজের গুণগতমান নিশ্চিতকরণ;

৪. টোল সংক্রান্ত তথ্য সংরক্ষণ ও অডিট ব্যবস্থাপনা কাজ সম্পাদন;
৫. কর্তৃপক্ষের আওতাধীন সেতু, টানেলসহ অন্যান্য স্থাপনাসমূহের অপারেশন ও মেইনটেন্যান্স কাজ মনিটরিং করা;
৬. বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সাইট অফিস, সার্ভিস এরিয়া, মেস, ডরমিটরি, বাসা ইত্যাদি সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ; এবং
৭. কর্তৃপক্ষের নির্দেশমতে অন্যান্য কার্যাবলি।

## ২.৭। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সর্বশেষ হালনাগাদকৃত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা গত **১১** মে ২০২২ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের **১১১**তম বোর্ড সভায় অনুমোদিত হয়।

## ২.৮। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারি দপ্তর/সংস্থাসমূহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। এরই ধারাবাহিকতায় সচিব, সেতু বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় এবং নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর মধ্যে ২৪ জুন ২০২৪ তারিখ ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়। ২০২৪-২৫ অর্থবছরের এপিএ'র কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে রয়েছে সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) ব্যবস্থা নিশ্চিতকরণে সহায়তা করা, পরিবহন ব্যবস্থার দক্ষতা বৃদ্ধি করা, বড় বড় শহরের যানজট হ্রাসকরণে সহায়তা করা, দাপ্তরিক কার্যক্রমের মানোন্নয়ন নিশ্চিত করা, সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

## ২.৯। জাতীয় শুদ্ধাচার কৌশল

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৪-২৫ অর্থবছরে নৈতিকতা কমিটির মোট ৪টি সভা, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৪টি সভা, শুদ্ধাচার সংক্রান্ত ০২টি প্রশিক্ষণ, ২৬টি Project Implementation Committee (PIC) সভার আয়োজন করা হয়েছে। তাছাড়া, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র-এর বাস্তবায়ন এবং প্রযোজ্য ক্ষেত্রে খসড়া প্রণয়ন, ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ, সুশাসন প্রতিষ্ঠা, বিভিন্ন প্রকল্পের ক্ষেত্রে শুদ্ধাচার, ক্রয়-ক্ষেত্রে শুদ্ধাচার, স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ, শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।

## ২.১০। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

বাংলাদেশের সংবিধান অনুসারে সর্বময় ক্ষমতার উৎস জনগণ। জনগণের সর্বোত্তম স্বার্থ তথা সাধারণ নাগরিকের সেবা প্রদানের অধিকার প্রাপ্তি নিশ্চিতকরণে সরকার বদ্ধপরিকর। সরকারি দপ্তরসমূহের মাধ্যমে নাগরিকগণ যাতে সহজে, সুলভে ও বিড়ম্বনাহীনভাবে সেবা পেতে পারেন, তা নিশ্চিতকরণের জন্য দেশের অন্যান্য সরকারি দপ্তরের ন্যায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষে ইতোমধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি বা নাগরিক সনদ (Citizen's Charter) (পরিশিষ্ট-ক) প্রচলন করা হয়েছে। এ সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা, অভ্যন্তরীণ সেবা প্রদানের সময়সীমা, সেবার সহজলভ্যতা, সেবা গ্রহণে কোন নাগরিক সংক্ষুব্ধ হলে তার প্রতিকার ও অন্যান্য সংশ্লিষ্ট তথ্য লিপিবদ্ধ থাকে।

## ২.১১। অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS)

২০২৪-২৫ অর্থবছরে অভিযোগ প্রতিকার ব্যবস্থায় (GRS) ৬৪টি অভিযোগ পাওয়া যায়, যার মধ্যে ৫১টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। উল্লেখ্য, সেবা প্রাপ্তিতে অসন্তুষ্ট হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা যায়। তিনি সমাধান দিতে ব্যর্থ হলে নিম্নোক্ত পদ্ধতিতে যোগাযোগ করে যেকোনো সমস্যা সম্পর্কে অবহিত করা যায়ঃ

| ক্রম. | কখন যোগাযোগ করবেন | কার সঙ্গে যোগাযোগ করবেন | যোগাযোগের ঠিকানা | নিষ্পত্তির সময়সীমা |
|---|---|---|---|---|
| ১. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সমাধান দিতে ব্যর্থ হলে | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) পদবীঃ পরিচালক (প্রশাসন) | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২<br>ফোন: +৮৮০২৫৫০৪০৩১০<br>মোবাইল: ০১৭০০৭১৬৩০১<br>ই-মেইল: dir-admn@bba.gov.bd<br>GRS লিঙ্ক: http://site.bba.gov.bd/grs/ | ৪০ কার্যদিবস [তদন্তের উদ্যোগ গৃহীত হলে অতিরিক্ত ২০ কার্যদিবস] |
| ২. | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা কোন কারণে অনুপস্থিত থাকলে | বিকল্প কর্মকর্তা পদবীঃ পরিচালক (অর্থ ও হিসাব) | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ, সেতু ভবন, বনানী, ঢাকা ১২১২<br>ফোন : +৮৮০২৫৫০৪০৩১১<br>মোবাইল : ০১৭০০৭১৬৩০২<br>ফ্যাক্স: ৫৫০৪০৪৪৪<br>ই-মেইল: dir-finance@bba.gov.bd | --- |
| ৩. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/বিকল্প কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | আপিল কর্মকর্তা পদবীঃ যুগ্মসচিব (উন্নয়ন) সেতু বিভাগ | সেতু বিভাগ, বনানী, ঢাকা ১২১২<br>ফোন: +৮৮০২৫৫০৪০৩৬০<br>মোবাইল: +৮৮০১৭২০০৭২২৫৬<br>ফ্যাক্স: +৮৮০২৫৫০৪০৪৪৪<br>ই-মেইল: jsdev@bridgesdivision.gov.bd | আপিল দাখিলের তারিখ থেকে অনধিক ২০ কার্যদিবস |
| ৪. | আপিল কর্মকর্তা নির্দিষ্ট সময়ে সমাধান দিতে না পারলে | মন্ত্রিপরিষদ বিভাগের অভিযোগ ব্যবস্থাপনা সেল | অভিযোগ গ্রহণ কেন্দ্র<br>৫নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা<br>www.grs.gov.bd | সর্বোচ্চ সময়সীমা অনধিক ৬০ কার্যদিবস। |

## ২.১২। তথ্য অধিকার

তথ্যের অবাধ প্রবাহ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রণীত তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ২(ক)(আ) অনুযায়ী আপিল কর্তৃপক্ষ এবং উক্ত আইনের ১০ ধারা অনুযায়ী তথ্য প্রদানের জন্য বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিয়মিত কাজ করে যাচ্ছেন। ২০২৪-২৫ অর্থবছরে মোট ২টি আবেদন প্রাপ্তির বিপরীতে ২টির তথ্য সরবরাহ করা হয়েছে।

| ক্রম. | কর্মকর্তার পদবী | যোগাযোগের ঠিকানা |
|---|---|---|
| ১. | আপিল কর্তৃপক্ষ<br>নির্বাহী পরিচালক<br>বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ফোন: +৮৮০২৪৮৮১৪৭০৫, ফ্যাক্স: ৫৫০৪০৪৪৪<br>মোবাইল: ০১৭০০৭১৬৩০০<br>ই-মেইল: ed@bba.gov.bd<br>সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২ |
| ২. | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা<br>অতিরিক্ত পরিচালক (প্রশাসন)<br>বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ফোন: +৮৮০২৫৫০৪০৩১৫<br>মোবাইল: ০১৭১১০৪৭৯৩১<br>ওয়েবসাইট: www.bba.gov.bd<br>ই-মেইল: addldir-admn@bba.gov.bd<br>সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২ |
| ৩ | বিকল্প কর্মকর্তা<br>অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব)<br>বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ফোন: +৮৮০২৫৫০৪০৩১৪<br>মোবাইল: ০১৭০০৭১৬৩০৯<br>ই-মেইল: addldir-fa@bba.gov.bd<br>সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২ |

## ২.১৩। অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদি

০১ জুলাই ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ পর্যন্ত অডিট সংক্রান্ত তথ্যাদি নিম্নে দেওয়া হলোঃ

| সংস্থার নাম | অডিট আপত্তি (২০২৩-২৪ অর্থবছর পর্যন্ত অডিট আপত্তির সংখ্যা জেরসহ) | ২০২৪-২৫ অর্থবছরের আগত অডিট আপত্তি | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা ও টাকার পরিমাণ | সংখ্যা ও টাকার পরিমাণ | | সংখ্যা | টাকার পরিমাণ | সংখ্যা | টাকার পরিমাণ |
| বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ | ২১৮টি (১৫৮৯৮.১২ কোটি টাকা) | ১২২টি (১২৫৯৮৫৫.৯৮ কোটি টাকা) | ১১০টি | ৩৪টি | ২৪৭৭.১৫ কোটি টাকা | ২৯৬টি | ১২৭৪৪৪৭.৪৮ কোটি টাকা |

## ২.১৪। মামলা সংক্রান্ত তথ্যাদি

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ চলমান মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে প্যানেল আইনজীবী নিয়োগসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মামলা সংক্রান্ত তথ্যাদি নিম্নে দেওয়া হলোঃ

| ক্রম. | বিবরণ | জুন ২০২৫ পর্যন্ত মোট মামলা | ২০২৪-২৫ অর্থবছরে নিষ্পত্তিকৃত মামলা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | পক্ষে | বিপক্ষে | |
| ০১. | সুপ্রিম কোর্ট (আপিল বিভাগ) | ০৪ | - | - | - |
| ০২. | সুপ্রিম কোর্ট (হাই কোর্ট বিভাগ) | ৩২ | ০৪ | ০২ | - |
| ০৩. | জেলা জজ আদালত ও অন্যান্য অধস্তন আদালত | ১৯৪ | ০৪ | - | - |
| ০৪. | প্রশাসনিক ট্রাইব্যুনাল | ০১ | - | - | - |
| | সর্বমোট | ২৩১ | ০৮ | ০২ | - |

## ২.১৫। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উল্লেখযোগ্য কর্মকাণ্ড

### (১) পদ্মা সেতু নির্মাণের জন্য গৃহীত ঋণের কিস্তি পরিশোধ

অর্থ বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী পদ্মা সেতু নির্মাণের জন্য গৃহীত ঋণের ১২তম কিস্তি পর্যন্ত মোট ১৭৮১.২২ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ পদ্মা সেতু নির্মাণের জন্য গৃহীত ৩০১৯৩ কোটি টাকা ২০৫৭ সাল পর্যন্ত এক শতাংশ সুদসহ ১৪০টি ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ করবে।

### (২) ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর সেতু) সেতুর সংগৃহীত টোলের অর্থ জমাকরণে চুক্তি

৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর সেতু) সেতুর সংগৃহীত টোলের অর্থ জমাকরণের জন্য “বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ” এবং “মার্কেন্টাইল ব্যাংক পিএলসি” এর মধ্যে ৩০ জুন ২০২৫ তারিখ ০৫ বছর মেয়াদি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আবদুর রউফ, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সেতু বিভাগের সচিব বলেন, মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উপদেষ্টা মুহাম্মদ ফাওজুল কবির খান সেতু, টানেল এবং সেতু বিভাগের স্থাপনা হতে আদায়কৃত টোলের অর্থের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। অনুষ্ঠানে সচিব আরও বলেন, এ চুক্তি স্বাক্ষরের মাধ্যমে মুক্তারপুর সেতু হতে আদায়কৃত টোলের অর্থ নিরাপদ স্থানে যথাযথ সময়ে জমা হবে ফলে সবাই এর সুফল পাবে। এছাড়া, উক্ত অনুষ্ঠানে সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট ব্যাংক-এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

### (৩) ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর সেতু) সেতুর সংস্কার কাজের চুক্তি স্বাক্ষর

৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর সেতু) সেতুর সংস্কার কাজের জন্য "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ" এবং "চীনের আন্তর্জাতিক অর্থনৈতিক সহযোগিতা সংস্থা" এর মধ্যে ২৬ জুন ২০২৫ তারিখ একটি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আবদুর রউফ, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। তিনি বলেন, এ চুক্তির মাধ্যমে সেতুটির সংস্কার সম্পন্ন হলে দ্রুত ও নির্বিঘ্নে যানবাহনগুলো উক্ত সেতু দিয়ে চলাচল করতে পারবে এবং জনজীবনের দুর্ভোগ লাঘব হবে। এছাড়া, তিনি চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জনজীবনে যাতায়াতের ক্ষেত্রে স্বস্তি, সময় সাশ্রয় ও সেবা সহজিকরণ করার বিষয়ে সদয় নির্দেশনা প্রদান করেন। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সেতু বিভাগ, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের কর্মকর্তা এবং চীনা দূতাবাস ও  উক্ত সেতু সংস্কার সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

### (৪) পদ্মা সেতু এবং যমুনা সেতুতে রেকর্ড পরিমাণ টোল আদায় ও যানবাহন পারাপার

পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ঘরমুখো মানুষের নির্বিঘ্ন ও নিরাপদ যাত্রা নিশ্চিত করতে গৃহীত সুপরিকল্পিত প্রস্তুতি এবং সমন্বিত ব্যবস্থাপনার ফলে ২০২৫ সালের ৫ জুন পদ্মা সেতু দিয়ে সর্বোচ্চ ৫২,৪৮৭টি যানবাহন পারাপার হয়েছে এবং এদিন সর্বোচ্চ ৫ কোটি ৪৩ লক্ষ ২৮ হাজার টাকা টোল আদায় হয়েছে। একই দিনে দেশের দ্বিতীয় বৃহত্তম যমুনা সেতু দিয়ে সর্বোচ্চ ৬৪,২৮৩ টি যানবাহন পারাপার হয়েছে এবং টোল আদায় হয়েছে সর্বোচ্চ ৪ কোটি ১৮ লক্ষ ১৪ হাজার ৮৫০ টাকা-যা উভয় সেতুর ইতিহাসে এক নতুন রেকর্ড ও মাইলফলক। এই পরিসংখ্যানগুলো দেশের সড়ক অবকাঠামো ব্যবস্থাপনায় সেতু কর্তৃপক্ষের সক্ষমতা এবং দক্ষতার প্রতিফলন।

### (৫) পদ্মা সেতুতে Electronic Toll Collection (ETC) সিস্টেম চালুকরণের লক্ষ্যে চুক্তি স্বাক্ষর

পদ্মা সেতুতে Electronic Toll Collection (ETC) সিস্টেম ব্যবহার করে দ্রুততম সময়ে পদ্মা সেতু পারাপারের জন্য "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ" এবং "পূবালী ব্যাংক পিএলসি, যমুনা ব্যাংক পিএলসি, ডাচ বাংলা ব্যাংক পিএলসি ও নগদ" এর মধ্যে ৩০ এপ্রিল ২০২৫ তারিখ ০৫ বছর মেয়াদি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আবদুর রউফ, সচিব, সেতু বিভাগ ও নির্বাহী পরিচালক, বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ। এছাড়া, উক্ত অনুষ্ঠানে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং সংশ্লিষ্ট ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

### (৬) ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে শীর্ষক পিপিপি প্রকল্পের Transaction Advisor সেবা

"ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে" শীর্ষক পিপিপি প্রকল্পের Transaction Advisor সেবার জন্য "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ফ্যাসিলিটেশন কোম্পানী (আইআইএফসি)"এর মধ্যে ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখ ২২,৩৭,৬৪,৪৪৪.০০ (বাইশ কোটি সাঁইত্রিশ লক্ষ চৌষট্টি হাজার চারশত চুয়াল্লিশ) টাকা মূল্যমানে চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এবং আইআইএফসি এর প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন।

### (৭) পেমেন্ট গেটওয়ে ব্যবহারে চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের e-Recruitment System ও যমুনা সেতু মিউজিয়ামের e-Ticketing System এ পেমেন্ট গেটওয়ে ব্যবহারের জন্য "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ" এবং "SSLCOMMERZ" এর মধ্যে ২১ নভেম্বর ২০২৪ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ এবং SSLCOMMERZ এর প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন।

### (৮) সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে চুক্তি স্বাক্ষর

পদ্মা বহুমুখী সেতু সংলগ্ন ১৮০ একর জমিতে সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ" এবং "নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড"-এর মধ্যে ০৮ অক্টোবর ২০২৪ তারিখ ৩০ বছর মেয়াদি ইজারা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তি

স্বাক্ষর অনুষ্ঠানে সেতু বিভাগ ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তাগণ এবং নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড-এর প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন।

### (৯) অভ্যন্তরীণ প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের পরিচালন বাজেট এবং মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে আয়োজিত প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা নিম্নরূপঃ

| ক্রম. | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ক্যাটাগরি |
|---|---|---|---|---|
| ১. | Training on Office Manners and Etiquette | ২৭/১০/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ২. | ‘সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী ও আয়কর রিটার্ন দাখিল’ | ২৯-৩১ অক্টোবর ২০২৪ ও ৩-৬ নভেম্বর ২০২৪ | ২৪৫ | প্রশিক্ষণ |
| ৩. | Training on Business English Communication Skill | ১৮/১১/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ৪. | Workshop on Budget Module Pre-launching Consultation | ১৯/১১/২০২৪ | ১৫ | কর্মশালা |
| ৫. | ‘বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ আইন ও চাকরি প্রবিধানমালা’ | ১-৫ ও ৮-৯ ডিসেম্বর ২০২৪ | ২৪৫ | প্রশিক্ষণ |
| ৬. | Training on Planning and Management of Development Programmes: The Project Management Framework | ২২/১২/২০২৪ | ২৯ | প্রশিক্ষণ |
| ৭. | Training on Planning and Management of Development Programmes: Project Planning | ২৩/১২/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ৮. | Training on Planning and Management of Development Programmes: Project Executing | ২৪/১২/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ৯. | Workshop on Citizen Charter | ২৬/১২/২০২৪ | ৪০ | কর্মশালা |
| ১০. | Training on Diabetics & Healthy Life Style-Context of Govt. Employees | ২৯/১২/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ১১. | Training on Diabetics & Healthy Life Style-Context of Govt. Employees | ৩০/১২/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ১২. | ‘অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার’ বিষয়ক প্রশিক্ষণ | ৩০/১২/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ১৩. | ‘শুদ্ধাচার’ বিষয়ক প্রশিক্ষণ | ৩১/১২/২০২৪ | ৩০ | প্রশিক্ষণ |
| ১৪. | Training on Business English Communication Skill | ০১/০১/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ১৫. | Training on Traffic Rules, Road Signs and Signals | ১২/০১/২০২৫ | ২৯ | প্রশিক্ষণ |
| ১৬. | ‘সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮’ বিষয়ক প্রশিক্ষণ | ১৫/০১/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ১৭. | Training on Project Management | ৩০/০১/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ১৮. | Workshop on Settlement of Audit Observation | ০৫/০২/২০২৫ | ৩০ | কর্মশালা |
| ১৯. | Training on Bridge Maintenance and Operation | ১১/০২/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ২০. | Workshop on Settlement of Audit Observations (2nd Batch) | ১৬/০২/২০২৫ | ২৯ | কর্মশালা |
| ২১. | Training on Tunnel Maintenance and Operation | ১৮/০২/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |

| ক্রম. | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | ক্যাটাগরি |
|---|---|---|---|---|
| ২২. | Workshop on Advanced Structural Retrofitting Fire damaged Building | ২৫/০২/২০২৫ | ৪০ | কর্মশালা |
| ২৩. | শুদ্ধাচার এবং তথ্য অধিকার আইন ২০০৯ | ১২/০৩/২০২৫ | ৩৫ | প্রশিক্ষণ |
| ২৪. | Workshop on Metroline Network of Bangladesh: Sharing of Experience and Knowledge in the Context of Dhaka city | ১৮/০৩/২০২৫ | ৪০ | কর্মশালা |
| ২৫. | 'সরকারি চাকরি আইন, ২০১৮ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯' বিষয়ক প্রশিক্ষণ (১ম ব্যাচ) | ২০/০৩/২০২৫ | ২৯ | প্রশিক্ষণ |
| ২৬. | 'সরকারি চাকরি আইন, ২০১৮ এবং নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯' বিষয়ক প্রশিক্ষণ (২য় ব্যাচ) | ২৩/০৩/২০২৫ | ২৯ | প্রশিক্ষণ |
| ২৭. | Training on Contract Management | ২৭/০৩/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ২৮. | Training on Tunnel Maintenance and Operation (2nd Batch) | ২১/০৪/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ২৯. | Training on Office Manners and Etiquette | ২৪/০৪/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ৩০. | 'হৃদরোগে জরুরি চিকিৎসা পদ্ধতি' বিষয়ক ওয়ার্কশপ | ৩০/০৪/২০২৫ | ৪০ | কর্মশালা |
| ৩১. | সচিবালয় নির্দেশমালা, ২০২৪ বিষয়ক প্রশিক্ষণ | ০৮/০৫/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ৩২. | Workshop on Settlement of Audit Observation | ১৪/০৫/২০২৫ | ৩৮ | কর্মশালা |
| ৩৩. | Training on Leadership Development for Enhanced Public Service Delivery | ০১/০৬/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ৩৪. | Training on Leadership Development for Enhanced Public Service Delivery (2nd Batch) | ১৭/০৬/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ৩৫. | সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯' বিষয়ক প্রশিক্ষণ | ২৬/০৬/২০২৫ | ৩০ | প্রশিক্ষণ |
| ৩৬. | 'হৃদরোগে জরুরি চিকিৎসা পদ্ধতি' বিষয়ক ওয়ার্কশপ | ২৯/০৬/২০২৫ | ৪০ | কর্মশালা |
| | | মোট | ১৫৫৩ | |

## (১০) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ-এর ১০৪ জন কর্মকর্তা-কর্মচারী ২০২৪-২৫ অর্থবছরে নিম্নবর্ণিত বিভিন্ন প্রতিষ্ঠানে মোট ২৫টি প্রশিক্ষণে অংশগ্রহণ করেন।

| ক্রম. | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ১. | 'User Registration & Workflow Management of SABRE+' | ০২ জুলাই ২০২৪ | ০৩ | অর্থ বিভাগ |
| ২. | ৭ম Advanced Budget Management (ABM) | ০৯-১০ আগস্ট ২০২৪ | ০১ | অর্থ বিভাগের আওতাধীন ইনস্টিটিউট অব পাবলিক ফাইন্যান্স বাংলাদেশ (আইপিএফ) |
| ৩. | 'Filling up the forms of The Procedure to Regulate the Debt and Contingent Liabilities (DCL) of SOEs and ABs' | ১৯ আগস্ট ২০২৪ | ০২ | অর্থ বিভাগ |

| ক্রম. | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ৪. | Environmental Modeling and Environmental & Social Impact Assessment (ESIA) | - | ০৩ | Institute of Water Modeling |
| ৫. | সরকারি বাজেট প্রস্তুতকরণ ও বাস্তবায়ন | ২৬-২৭ অক্টোবর ২০২৪ | ০১ | বিআইএম |
| ৬. | Satellite Based Survey and Mapping Using GPS for the Water Sector | ১৭-২১ নভেম্বর ২০২৪ | ০২ | Institute of Water Modeling |
| ৭. | Online Training on State-Owned Enterprises, Abs Budget, Reporting and Evaluation (SABRE+) System | ২৭ নভেম্বর ২০২৪ | ০২ | অর্থ বিভাগ |
| ৮. | Training on Leadership and Strategic Planning (15th Batch) | ০১-০৫ ডিসেম্বর ২০২৪ | ০২ | এনএপিডি |
| ৯. | Training on Data analytics and Data driven decision making in Office | ০১ ডিসেম্বর ২০২৪-৩০ জানুয়ারি ২০২৫ | ০২ | বিআইএম |
| ১০. | সঞ্জীবনী প্রশিক্ষণ | ১৫-১৯ ডিসেম্বর ২০২৪ | ৩০ | বিআরডিটিআই, সিলেট |
| ১১. | Training on Technology Transfer and Management in Government Office | ২৯/১২/২০২৪ হতে ০১/০১/২০২৫ | ০১ | বিআইএম |
| ১২. | সঞ্জীবনী প্রশিক্ষণ | ১৯-২৩ জানুয়ারি ২০২৫ | ৩০ | বিয়াম ফাউন্ডেশন, কক্সবাজার |
| ১৩. | পিপিপি বিষয়ক মৌলিক প্রশিক্ষণ | ২২-২৩ জানুয়ারি ২০২৫ | ০৩ | পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) কর্তৃপক্ষ |
| ১৪. | "Workshop on Code of Conduct for SOEs & ABs" | ১৭ ফেব্রুয়ারি ২০২৫ | ০২ | অর্থ বিভাগ |
| ১৫. | ডি-নথির দপ্তর অংশের ফিচার সম্পর্কে অবহিতকরণ ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ | ১৭ ফেব্রুয়ারি ২০২৫ | ০১ | এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম |
| ১৬. | 'Stakeholder Sensitization' | ১২ মার্চ ২০২৫ | ০১ | এনহেন্সিং ডিজিটাল গভর্নমেন্ট এন্ড ইকোনমি (ইডিজিই) প্রজেক্ট |
| ১৭. | "Basic Geographic Information System (GIS)" | ২০-২৪ এপ্রিল ২০২৫ | ০২ | Institute of Water Modeling |
| ১৮. | Feasibility Study | ২৮-৩০ এপ্রিল ২০২৫ | ০১ | Infrastructure Investment Facilitation Company (IIFC) |
| ১৯. | Transport Resilience-Application of Geo-spatial Sciences for Modelling Hazards and Asset Management | ২৯-৩০ এপ্রিল ২০২৫ | ০৫ | বিশ্বব্যাংক, বাংলাদেশ |

| ক্রম. | প্রশিক্ষণের বিষয় | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|
| ২০. | "Training on Online State-Owned Enterprises', Autonomous Bodies' Budget, Reporting and Evaluation (SABRE+) System" | ০৫ মে ২০২৫ | ০২ | অর্থ বিভাগ |
| ২১. | GEMS এর আওতায় OMS বিষয়ক প্রশিক্ষণ ও বিদ্যমান অর্গানোগ্রামের উপাত্তভান্ডার তৈরিতে ০৫ (পাঁচ) দিনব্যাপী প্রশিক্ষক প্রশিক্ষণ | ১৮-২২ মে ২০২৫ | ০২ | জনপ্রশাসন মন্ত্রণালয় |
| ২২. | "Policy and Procedure Manual for Property, Plant, Equipment and other Assets" | ১২ মে ২০২৫ | ০২ | অর্থ বিভাগ |
| ২৩. | সরকারি বাজেট প্রস্তুতকরণ ও বাস্তবায়ন | ২৩-২৪ ও ৩০-৩১ মে ২০২৫ | ০১ | বিআইএম |
| ২৪. | "Transforming Development: Building a culture of accountability through evaluation, auditing and ethics" | ২৬ মে ২০২৫ | ০১ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং নিউ ডেভেলপমেন্ট ব্যাংক (এনডিবি) এর Independent Evaluation Office (IEO) |
| ২৫. | "Feedback on Independent Performance Evaluation (IPE) Reports of SOEs/ABs & FRS of IPE Module" | ০৩ জুন ২০২৫ | ০২ | অর্থ বিভাগ |
| | | মোট প্রশিক্ষণার্থী সংখ্যা | ১০৪ | |

## (১১) ICT বিষয়ক প্রশিক্ষণ ও শতভাগ ডি-নথি বাস্তবায়ন

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সকল অনুবিভাগ ও সাইট অফিসে শতভাগ ডিজিটাল নথি ব্যবস্থাপনা কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ ১২ মে ২০২৪ তারিখ হতে ই-নথির পরিবর্তে ডি-নথি ব্যবস্থাপনা চালু করে। এ কার্যক্রমে গতিশীলতা ধরে রাখার লক্ষ্যে মাসিক এবং পাক্ষিক ডি-নথি রিপোর্ট পর্যবেক্ষণ করা হচ্ছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিতভাবে ICT ও ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের বিভিন্ন কার্যক্রম নিজস্ব ওয়েবসাইটসহ ফেসবুক, ইনস্টাগ্রাম, ইউটিউব ইত্যাদি সামাজিক যোগাযোগ মাধ্যমে নিয়মিত প্রকাশ করা হয়।

## (১২) বিভিন্ন স্থাপনা হতে ২০২৪-২৫ অর্থবছরে আদায়কৃত টোলের পরিমাণ (অনিরীক্ষিত)

### (১) যমুনা সেতু

| অর্থ-বছর | যানবাহন সংখ্যা | টোল আদায় (কোটি টাকায়) |
|---|---|---|
| ১৯৯৭-১৯৯৮ (২৩ জুন, ১৯৯৮ হতে) | ২৭৬৫১ | ০.৯৯ |
| ১৯৯৮-১৯৯৯ | ৮৯২১৪৯ | ৬১.২৭ |
| ১৯৯৯-২০০০ | ৯৩০৬৫৯ | ৬৬.৯৪ |
| ২০০০-২০০১ | ১১১০০৭০ | ৮২.৮৪ |
| ২০০১-২০০২ | ১২২২৯১৯ | ৯৩.৫৮ |
| ২০০২-২০০৩ | ১৩৭৫০০৯ | ১০৮.৭২ |

| অর্থ-বছর | যানবাহন সংখ্যা | টোল আদায় (কোটি টাকায়) |
|---|---|---|
| ২০০৩-২০০৪ | ১৬৩২২০৫ | ১৩১.০৮ |
| ২০০৪-২০০৫ | ১৮৭৬৩৬৩ | ১৫২.০০ |
| ২০০৫-২০০৬ | ১৯৮৭৯৮৪ | ১৫৭.৯৭ |
| ২০০৬-২০০৭ | ২১৭২৪৬৩ | ১৭৩.৭৬ |
| ২০০৭-২০০৮ | ২৫৩৯৪২১ | ২০১.৯৬ |
| ২০০৮-২০০৯ | ২৭৫১৮৪৯ | ২১৪.৪২ |
| ২০০৯-২০১০ | ৩১৫৭৩৭২ | ২৪২.৯৯ |
| ২০১০-২০১১ | ৩৫৬৪৭১৩ | ২৬৯.১০ |
| ২০১১-২০১২ | ৩৬৯৮৭৪৩ | ৩০৬.২৩ |
| ২০১২-২০১৩ | ৩৮৮৬৫৫৮ | ৩২৭.৯৮ |
| ২০১৩-২০১৪ | ৩৯২৬৯৯০ | ৩২৫.৩৮ |
| ২০১৪-২০১৫ | ৪২০৭০৭৫ | ৩৫১.১৪ |
| ২০১৫-২০১৬ | ৪৮০৭৯১৫ | ৪০৪.৮৮ |
| ২০১৬-২০১৭ | ৫৩৮৩১১৯ | ৪৮৬.৫২ |
| ২০১৭-২০১৮ | ৫৫৩২৫৩৬ | ৫৪৩.৮০ |
| ২০১৮-২০১৯ | ৫৯০১৮৯২ | ৫৭৫.৪০ |
| ২০১৯-২০২০ | ৫৯৯৭১৩০ | ৫৬০.২৮ |
| ২০২০-২০২১ | ৭৩০৯৩৯৬ | ৬৫৪.৮২ |
| ২০২১-২০২২ | ৭৫৪২০৯৯ | ৭০৪.৫৫ |
| ২০২২-২০২৩ | ৭৩৬৩৯৪১ | ৬৮০.৪৫ |
| ২০২৩-২০২৪ | ৭৫২৪০৪২ | ৬৮৫.৬৪ |
| ২০২৪-২০২৫ | ৮২০৫৪৫৫ | ৭৪৪.৬০ |
| | মোট | **৯৩০৯.২৯** |

(২) ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (মুক্তারপুর সেতু)

| অর্থ-বছর | টোল আদায় (কোটি টাকায়) |
|---|---|
| ২০০৭-২০০৮ | ২.৩০ |
| ২০০৮-২০০৯ | ০৬.০১ |
| ২০০৯-২০১০ | ০৬.৭৩ |
| ২০১০-২০১১ | ০৭.৫৮ |
| ২০১১-২০১২ | ০৭.৮৭ |
| ২০১২-২০১৩ | ০৭.৮৭ |
| ২০১৩-২০১৪ | ০৭.৬৪ |
| ২০১৪-২০১৫ | ১২.২৩ |
| ২০১৫-২০১৬ | ১৫.৮৪ |
| ২০১৬-২০১৭ | ১৬.৯৯ |
| ২০১৭-২০১৮ | ১৬.৭৭ |
| ২০১৮-২০১৯ | ১৭.৮৯ |
| ২০১৯-২০২০ | ১৭.৫১ |
| ২০২০-২০২১ | ১৯.৫১ |
| ২০২১-২০২২ | ২৩.৩৪ |

| অর্থ-বছর | টোল আদায় (কোটি টাকায়) |
|---|---|
| ২০২২-২০২৩ | ২৬.০৪ |
| ২০২৩-২০২৪ | ২৬.৪৮ |
| ২০২৪-২০২৫ | ২৫.২৮ |
| মোট | **২৬৩.৮৮** |

(৩) পদ্মা সেতু

| অর্থ-বছর | যানবাহন সংখ্যা | টোল আদায় (কোটি টাকায়) |
|---|---|---|
| ২০২১-২০২২ (২৬ জুন, ২০২২ হতে) | ১১৭১০৪ | ১০.৮২ |
| ২০২২-২০২৩ | ৫৮৪৪৬৬৪ | ৮১৪.৭৮ |
| ২০২৩-২০২৪ | ৬৭৫৪৭৭৬ | ৮৪৬.৭৩ |
| ২০২৪-২০২৫ | ৬৮১৮৫০৮ | ৮৫৭.৯০ |
| | মোট | **২৫৩০.২৩** |

(৪) কর্ণফুলী টানেল

| অর্থ-বছর | যানবাহন সংখ্যা | টোল আদায় (কোটি টাকায়) |
|---|---|---|
| ২০২৩-২০২৪ (২৯ অক্টোবর, ২০২৩ হতে) | ১০৭০৭৩৩ | ২৭.৫৪ |
| ২০২৪-২০২৫ | ১২৮৬৮২৪ | ৩৭.৯৬ |
| | মোট | **৬৫.৫০** |

## (১৩) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আয় এবং ব্যয়

২০২৪-২৫ অর্থবছরের অনিরীক্ষিত আয়-ব্যয় নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| অর্থবছর | সর্বমোট আয় | সর্বমোট ব্যয় | উদ্বৃত্ত/-(ঘাটতি) |
|---|---|---|---|
| ২০২৪-২৫ | ১৬২১১৯.৪৯ | ১৮৩২৩০.২৮ | (২১১১০.৭৯) |

## (১৪) এডিপিভুক্ত নিজস্ব অর্থায়নে প্রকল্পসমূহের বাজেট বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

| ক্রম. | এডিপি-তে অন্তর্ভুক্ত প্রকল্পের নাম | ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপি-তে মোট বরাদ্দ | জুন ২০২৫ পর্যন্ত মোট ব্যয় (মোট বরাদ্দের % অংশ) |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প | ৩৮৬.০০ | ৭৭২১.৩৫ (৮৯.৩০%) |
| ২. | চাঁদপুর-শরীয়তপুর সড়কে ও গজারিয়া-মুন্সীগঞ্জ সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য মাস্টারপ্ল্যান প্রণয়ন | ৮২৬১.০০ | |
| | মোট | **৮৬৪৭.০০** | |

## (১৫) নিজস্ব অর্থায়নে গৃহীত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহের বাস্তবায়ন অগ্রগতি

| ক্রম. | বিষয় | কাজের নাম | বাস্তবায়ন অগ্রগতি (জুন ২০২৫ পর্যন্ত) |
|---|---|---|---|
| ১. | যমুনা সেতু | Engaging Operator for Operation and Maintenance of the Jamuna Bridge and Associated Works for 5 (Five) Years | • কাজের চুক্তিমূল্য: ১৭২,৬১,১৪,৮০৮.৭৫ টাকা<br>• ঠিকাদার: China Communications Construction Company Ltd, (CCCC)<br>• কাজের সময়সীমা: অক্টোবর ২০২১ থেকে অক্টোবর ২০২৬ পর্যন্ত।<br>• বাস্তবায়ন অগ্রগতি: রক্ষণাবেক্ষণ কাজ চলমান রয়েছে। |
| | | Toll Collection And Software Operation of Jamuna Bridge for 05 Years | • কাজের চুক্তিমূল্য: ৫৯,৬৩,৯৬,৫০৪.১৪ টাকা<br>• ঠিকাদার: China Road and Bridge Corporation (CRBC)<br>• কাজের সময়সীমা: ০১ সেপ্টেম্বর ২০২৪ হতে ৩০ আগস্ট ২০২৯ পর্যন্ত।<br>• বাস্তবায়ন অগ্রগতি: কার্যক্রম চলমান রয়েছে। |
| | | Consultancy Services for Monitoring of Hydraulic & Morphological Condition of Jamuna river for the safety of River Training Works of Jamuna Bridge for 5 (Five) Years | • কাজের চুক্তিমূল্য: ৮,৬৬,৯৭,২৮৭.০০ টাকা<br>• ঠিকাদার: Institute of Water Modeling (IWM)<br>• চুক্তির সময়সীমা: ০৭ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ হতে ০৬ ফেব্রুয়ারি ২০২৯<br>• বাস্তবায়ন অগ্রগতি: কার্যক্রম চলমান রয়েছে। |
| | | Supply and Installation of Multi Color Variable message signboard Over Jamuna Bridge Toll Canopy | • কাজের চুক্তিমূল্য: ১৮,৫০,৯৫২.৯০৫ টাকা<br>• ঠিকাদার: Digilog Systems<br>• চুক্তির সময়সীমা: ২৭ মে ২০২৫ তারিখ হতে ২৬ সেপ্টেম্বর ২০২৫<br>• বাস্তবায়ন অগ্রগতি: কার্যক্রম চলমান রয়েছে। |
| | | Construction of Rigid Pavement at East & West Side Weigh Scale Area Validation Lanes and Adjacent Road (North Side) of West Roundabout (Separate Truck Lane) of Jamuna Bridge, Bridge Tangail/Sirajganj | • কাজের চুক্তিমূল্য: ২,২৭,১৮,০২২.৩০০ টাকা<br>• ঠিকাদার: Mohammed Eunus & Brothers (Pvt.) Ltd.<br>• চুক্তির সময়সীমা: ২৭ মে ২০২৫ তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাস পর্যন্ত।<br>• বাস্তবায়ন অগ্রগতি: কার্যক্রম চলমান রয়েছে। |
| | | Replacing (Supplying, Installation, Testing and Commissioning) of Pot Bearing and Shock Transmission Device/ Seismic Device for 4.8 Km long Jamuna Bridge. | • কাজের চুক্তিমূল্য: ১২৮,৪৭,৮৩,২৪৭.০০ টাকা<br>• ঠিকাদার: Joint Venture of CCCC-SHEC and CRBC<br>• চুক্তির সময়সীমা: ০১ সেপ্টেম্বর ২০২৪ তারিখ হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৬।<br>• বাস্তবায়ন অগ্রগতি: কার্যক্রম চলমান রয়েছে। |

| ক্রম. | বিষয় | কাজের নাম | বাস্তবায়ন অগ্রগতি (জুন ২০২৫ পর্যন্ত) |
|---|---|---|---|
| | | Supply & Stockpile of Blasted Angular Rock for the Maintenance of River Training Works of Jamuna Bridge, Bhuapur, Tangail/Sirajganj. | • কাজের চুক্তিমূল্য: ১৩,০৬,৪৭,০০০.০০ টাকা<br>• ঠিকাদার: M/S. KHANDAKER SHAHIN AHMED<br>• চুক্তির সময়সীমা: ২৯ জুলাই ২০২৪ তারিখ হতে ২৮ জুলাই ২০২৫ তারিখ<br>• বাস্তবায়ন অগ্রগতি: ১০০% |
| | | Construction of Museum Building Including Auditorium at Jamuna Bridge Area, Bhuapur, Tangail under Bangladesh Bridge Authority (BBA) | • কাজের চুক্তিমূল্য: ২৩,১৪,১৯,৮১৯.২৩৫ টাকা।<br>• ঠিকাদার: "KSBL-MMC JV"<br>• চুক্তির মেয়াদকাল: জুলাই ২০২২ থেকে ৩০ নভেম্বর ২০২৫<br>• ভৌত অগ্রগতি: ৮১% |
| | | "Supply, Installation, Testing, Commissioning and Maintenance of 10 (Ten) nos. Low-Speed Weigh in Motion (LSWIM) Scales including real time web-based video and data Monitoring system with RFID for Jamuna Bridge, Bhuapur, Tangail" under Bangladesh Bridge Authority (BBA) | • কাজের চুক্তিমূল্য: ১৮,৯০,০০,০০০.০০ টাকা।<br>• ঠিকাদার: "VAAAN-REGNUM-NDE (JV)"<br>• চুক্তির মেয়াদকাল: ২০ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০৩৪<br>• ভৌত অগ্রগতি: ১০০%<br>• বর্তমানে মেইনটেন্যান্স কাজ চলমান রয়েছে। |
| ২. | ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (মুক্তারপুর সেতু) | Engaging Operator for Operation & Maintenance (O&M), Toll Collection and Associated Works of the 6th Bangladesh-China Friendship Bridge (Mukterpur Bridge) for 5 (Five) Years | • কাজের চুক্তিমূল্য: ২২.২৮ কোটি টাকা<br>• ঠিকাদার: SPECTRUM ENGINEERING CONSORTIUM (Pvt.) Ltd<br>• চুক্তির সময়সীমা: ফেব্রুয়ারি ২০২৫- ফেব্রুয়ারি ২০৩০<br>• অগ্রগতি: রক্ষণাবেক্ষণ ও টোল আদায় কাজ চলমান রয়েছে। |
| ৩. | পদ্মা সেতু | Engaging Operation and Maintenance (O&M) of Padma Multipurpose Bridge and its Associated works for 5 (five) years | • কাজের চুক্তিমূল্য: ৬৯২,৯২,০০,০০০.০০ টাকা<br>• ঠিকাদার: Korea Expressway Corporation (KEC) in a joint venture with China Railway Major Bridge Engineering Group Co Ltd (MBEC)<br>• চুক্তির সময়সীমা: ১৮ মে ২০২২- ১৮ মে ২০২৭<br>• কাজের অগ্রগতি: রক্ষণাবেক্ষণ ও টোল আদায় কাজ চলমান রয়েছে। |
| | | Construction of 2 nos. Security Buildings at Mawa and Janjira End of Padma Bridge area under Bangladesh Bridge Authority. | • কাজের চুক্তিমূল্য: ১০,৩১,৫৯,২৩১.৪৩৪ টাকা<br>• ঠিকাদার: BA-MKE JV<br>• চুক্তির সময়সীমা: ০১ এপ্রিল ২০২৫ হতে ০১ জুলাই ২০২৬ পর্যন্ত<br>• কাজের অগ্রগতি: ৪০% |

| ক্রম. | বিষয় | কাজের নাম | বাস্তবায়ন অগ্রগতি (জুন ২০২৫ পর্যন্ত) |
|---|---|---|---|
| | | Safety Painting on Concrete Barriers & Parapet Wall and Kerb Stone of Padma Bridge Approach Road from Mawa, Munshiganj to Pacchor, Madaripur | • কাজের চুক্তিমূল্য: ৯৮,৫০,৪৭৯.৭৬৮ টাকা<br>• ঠিকাদার: Md. Nayeb Ali Khan<br>• চুক্তির সময়সীমা: ০১ এপ্রিল ২০২৫ হতে ০১ অক্টোবর ২০২৫ পর্যন্ত<br>• কাজের অগ্রগতি: ৮০% |
| | | Consultancy services for Monitoring of Hydraulic & Morphological Condition of Padma River for the safety of River Training works of Padma Multipurpose Bridge for 5 (Five) Years | • কাজের চুক্তিমূল্য: ১১,৬৯,৩২,৪৫৩.৬১ টাকা<br>• পরামর্শক: Institute of Water Modeling (IWM)<br>• চুক্তির সময়সীমা: ০২ ফেব্রুয়ারি ২০২৫ হতে ০২ ফেব্রুয়ারি ২০৩০ পর্যন্ত<br>• কাজের অগ্রগতি: ১৫% |
| | | Improvement of Damaged Road Lane by RCC at Toll Plaza Entrance at Both Sides (Mawa & Janjira) of Padma Bridge and Installation of Guardrail with Reflector at padma Bridge Approach Road | • কাজের চুক্তিমূল্য: ১৫,৯২,৪৪,২৭৯.২০ টাকা<br>• ঠিকাদারঃ Toma Construction & Co. Ltd-DG. Bangla JV<br>• চুক্তির সময়সীমা: ১৪ জুলাই ২০২৪ হতে ১৪ নভেম্বর ২০২৫<br>• কাজের অগ্রগতি: ৭০% |
| ৪. | কর্ণফুলী টানেল | Engaging Operator for Operation and Maintenance (O&M) of the Karnaphuli Tunnel and Associated works for 5 (Five) Years | • কাজের চুক্তিমূল্য: ৯৮৩,৮২,৬২,১৬৬.৮৪ টাকা।<br>• ঠিকাদার: China Communications Construction Company Limited (CCCC Ltd.)<br>• চুক্তির সময়সীমা: ০৭ ডিসেম্বর ২০২২ - ৩১ জুলাই ২০২৮।<br>• কাজের অগ্রগতি: রক্ষণাবেক্ষণ ও টোল আদায় কাজ চলমান রয়েছে। |
| ৫. | Dhaka East-West Elevated Expressway on PPP Basis | Transaction Advisory Services for the Construction of Dhaka East-West Elevated Expressway on PPP Basis | • কাজের চুক্তিমূল্য: ২২,৩৭,৬৪,৪৪৪.০০ টাকা<br>• পরামর্শক: Infrastructure Investment Facilitation Company (IIFC)<br>• চুক্তির সময়সীমা: ০৮ জানুয়ারি ২০২৪ হতে ০৮ এপ্রিল ২০২৬<br>• কাজের অগ্রগতি: ৩৮% |

## ২.১৬। বাস্তবায়িত উল্লেখযোগ্য প্রকল্প

### (১) যমুনা সেতু

যমুনা নদী দ্বারা বিভক্ত দেশের দু'টি অঞ্চলকে একীভূত করে সামাজিক, অর্থনৈতিক, প্রশাসনিক, সাংস্কৃতিক এবং সার্বিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে যমুনা নদীর উপর নির্মিত সেতু ১৯৯৮ সালের ২৩ জুন যানবাহন পারাপারের জন্য খুলে দেওয়া হয়। মোট ৩৭৪৫ কোটি ৬০ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৪.৮ কিলোমিটার দীর্ঘ এ সেতু নির্মাণে তিনটি উন্নয়ন সহযোগী সংস্থা যথা; এডিবি, বিশ্বব্যাংক ও জাইকা হতে গৃহীত ঋণের মধ্যে ইতোমধ্যে ৩৯৩৭.৯২ কোটি টাকা (সুদ ও বৈদেশিক মুদ্রার বিনিময় হার সমন্বয় করতঃ) পরিশোধ করা হয়েছে। আগামী ২০৩৪ সাল নাগাদ সকল ঋণ পরিশোধ হবে আশা করা যায়। এই সেতুতে সড়ক ও রেল পথের সুবিধা ছাড়াও বিদ্যুৎ, গ্যাস এবং অপটিক্যাল ফাইবার টেলিফোন লাইন স্থাপন করা হয়েছে।

সেতুটি চালু হওয়ার পর হতে এ সেতু দিয়ে পূর্বাভাসের তুলনায় অধিক টোল আদায় হচ্ছে। ২০২৪-২৫ অর্থবছরে এ সেতু হতে ৭৪৪ কোটি ৬০ লক্ষ টাকা টোল বাবদ আদায় হয়েছে। যমুনা বহুমুখী সেতু দেশের অর্থনৈতিক উন্নয়নে মাইলফলক হিসেবে কাজ করছে। এ সেতু নির্মাণের ফলে যাতায়াত ব্যবস্থা যেমন সহজতর হয়েছে তেমনি উত্তরাঞ্চলে কৃষি পণ্যাদি উৎপাদনের পরিমাণ উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে এবং কৃষক তার পণ্যের ন্যায্য মূল্য পাচ্ছে। কৃষি উৎপাদন বৃদ্ধির পাশাপাশি উত্তরাঞ্চলে শিল্প প্রতিষ্ঠানও গড়ে উঠছে। দারিদ্র্য বিমোচনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে এ সেতু গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

### (২) ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী সেতু (মুক্তারপুর সেতু)

রাজধানী ঢাকা শহরের সাথে পার্শ্ববর্তী মুন্সীগঞ্জ জেলার সরাসরি যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ঢাকা-মুন্সীগঞ্জ সড়কে ধলেশ্বরী নদীর উপর ১৫২১ মিটার দীর্ঘ ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর) সেতুর নির্মাণ কাজ ২০০৮ সালে সম্পন্ন হয়। এ সেতু মুন্সীগঞ্জের মুক্তারপুরে বিসিক শিল্পাঞ্চল, রপ্তানিমুখী গার্মেন্টস ফ্যাক্টরি, সিমেন্ট ফ্যাক্টরি এবং আলু সংরক্ষণাগারের মালামালসমূহ ঢাকা মহানগরীসহ সারা দেশে পরিবহনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

### (৩) পদ্মা সেতু

দেশের দক্ষিণাঞ্চলের সাথে রাজধানীর সুষ্ঠু ও সরাসরি যাতায়াত ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে ৩০,৭৭০ কোটি ১৪ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৬.১৫ কিলোমিটার দীর্ঘ পদ্মা সেতু ২৬ জুন ২০২২ তারিখ হতে যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেওয়া হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে এ সেতু হতে ৮৫৭ কোটি ৯০ লক্ষ টাকা টোল বাবদ আদায় হয়েছে। এ সেতুর উপরের অংশ দিয়ে যানবাহন ও নীচের অংশ দিয়ে রেল চলাচল করছে। এ সেতুর ফলে প্রত্যক্ষভাবে প্রায় ৪৪,০০০ বর্গ কিলোমিটার (১৭,০০০ বর্গ মাইল) বা বাংলাদেশের মোট এলাকার ২৯% অঞ্চলজুড়ে ৩ কোটিরও অধিক জনগণ প্রত্যক্ষভাবে উপকৃত হচ্ছে। সম্ভাব্যতা সমীক্ষা রিপোর্ট অনুযায়ী এই সেতু নির্মাণের ফলে দেশের জিডিপি ১.২০% পর্যন্ত বৃদ্ধি পাবে এবং প্রতি বছর ০.৮৪% হারে দারিদ্র্য হ্রাস পাবে।

### (৪) কর্ণফুলী টানেল

কর্ণফুলী নদীর তলদেশে মোট ১০২৫৫ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত ৩.৩২ কিলোমিটার দীর্ঘ দক্ষিণ এশিয়ার প্রথম সড়ক টানেল ২৯ অক্টোবর ২০২৩ তারিখ হতে যান চলাচলের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে। টানেলটি যান চলাচলের জন্য উনুক্তকরণের পর হতে মোট ৬৫ কোটি ৫০ লক্ষ টাকা টোল বাবদ আদায় হয়েছে। এ টানেল চট্টগ্রাম শহরের পশ্চিম অংশের সাথে কর্ণফুলী নদীর পূর্ব অংশের সড়ক যোগাযোগ স্থাপন করেছে। টানেলটি চালু হওয়ার পর চট্টগ্রাম শহরে যান চলাচল নির্বিঘ্ন হয়েছে, চট্টগ্রাম ও মাতারবাড়ী গভীর সমুদ্র বন্দরে পণ্য পরিবহন সহজতর হয়েছে এবং ঢাকা-চট্টগ্রাম ও কক্সবাজারের মধ্যে সরাসরি সড়ক যোগাযোগ আরও উন্নত হয়েছে। এটি শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের সাথে কর্ণফুলী নদীর দক্ষিণ তীরে বসবাসকারী জনগণের যোগাযোগ সহজ করেছে। ২০১৩ সালের সম্ভাব্যতা সমীক্ষা অনুযায়ী জাতীয় জিডিপিতে এই টানেল ০.১৬৬% অবদান রাখবে।

### (৫) চাঁদপুর-শরীয়তপুর সড়কে ও গজারিয়া-মুন্সীগঞ্জ সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের জন্য মাস্টারপ্ল্যান প্রণয়ন

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের ৩০ বছর মেয়াদি একটি মাস্টারপ্ল্যান প্রণয়ন করা হয়েছে। সমন্বিত ও নিরবচ্ছিন্ন পরিবহন ব্যবস্থা নিশ্চিতকরণ এবং দেশের সড়ক যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নের লক্ষ্যে উক্ত মাস্টারপ্ল্যানে স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহ চিহ্নিতকরণ, প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়নের সুপারিশ করা হয়েছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের নিজস্ব অর্থায়নে মোট ৪০৯.৪৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে এ প্রকল্পের আওতায় শরীয়তপুর-চাঁদপুর সড়কে এবং গজারিয়া-মুন্সীগঞ্জ সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ, মতলব উত্তর -গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ, কুড়িগ্রাম জেলার চিলমারী-রৌমারী সড়কে ব্রহ্মপুত্র নদের উপর সেতু নির্মাণ, বরিশাল-ভোলা সড়কে কালাবদর ও তেঁতুলিয়া নদীর উপর সেতু নির্মাণের পুনঃসমীক্ষা এবং ঢাকা এলিভেটেড ইনার রিং রোড নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। এছাড়াও মহেশখালী চ্যানেলের উপর কক্সবাজার-মহেশখালী সেতুর প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা, মেঘনা নদীর উপর ভোলা লক্ষ্মীপুর সেতুর প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা, সুনামগঞ্জ-নেত্রকোণা হাওড় অঞ্চলে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা এবং রাজবাড়ী-পাবনা সড়কে পদ্মা নদীর উপর সেতু নির্মাণের প্রাক-সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। প্রকল্পটি ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত হয়েছে।

## ২.১৭। চলমান উল্লেখযোগ্য প্রকল্প

### (১) ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ প্রকল্প

ঢাকা শহরের উত্তরাঞ্চল তথা সাভার, আশুলিয়া, নবীনগর ও ইপিজেড সংলগ্ন শিল্প এলাকার যানজট নিরসন এবং যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে ২৪ কিলোমিটার দীর্ঘ ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে আশুলিয়া হয়ে ইপিজেড পর্যন্ত এ এলিভেটেড এক্সপ্রেসওয়েটির প্রাক্কলিত ব্যয় ১৭৫৫৩ কোটি ০৪ লক্ষ টাকা। প্রকল্পটি চায়না এক্সিম ব্যাংক এর অর্থায়নে জিটুজি ভিত্তিতে বাস্তবায়িত হচ্ছে।

ঢাকা-আশুলিয়া এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ সম্পন্ন হলে সাভার ইপিজেড হতে ঢাকা চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালী পর্যন্ত নিরবচ্ছিন্ন ৪৪ কিলোমিটার নতুন এলিভেটেড রাস্তা তৈরি হবে। এর ফলে দেশের উত্তরাঞ্চলের যানবাহনসমূহ সরাসরি ঢাকা অতিক্রম করে দেশের দক্ষিণাঞ্চলের জেলাসমূহে যেতে পারবে। এতে ঢাকার যানজট অনেকাংশে হ্রাস পাবে। এছাড়া, সাভার,আশুলিয়া, টঙ্গী, গাজীপুর এর রপ্তানিমুখী শিল্পাঞ্চলে দ্রুত পণ্য পরিবহনের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচিত হবে। একই সাথে এটি নির্মিত হলে এশিয়ান হাইওয়ে নেটওয়ার্ক এবং প্রায় সকল জাতীয় মহাসড়কের সাথে যুক্ত হওয়ার পাশাপাশি ঢাকার সাথে বিভিন্ন জেলার সংযোগ স্থাপনকারী আবদুল্লাহপুর-আশুলিয়া-বাইপাইল-চন্দ্রা করিডোরে যানজট অনেকাংশে হ্রাস পাবে। এই প্রকল্পের কাজ সম্পন্ন হলে জিডিপি প্রবৃদ্ধির হার ০.২১৭% বৃদ্ধি পাবে। জুন ২০২৫ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ৫৯.৫০%।

### (২) কচুয়া-বেতাগী-পটুয়াখালী-লোহালিয়া-কালাইয়া সড়কে পায়রা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্প

দেশের দক্ষিণাঞ্চলের সড়ক যোগাযোগ নেটওয়ার্ক উন্নয়নের অংশ হিসেবে পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলার কচুয়া-বেতাগী সড়কে পায়রা নদীর ওপর ১৬৯০ মিটার দীর্ঘ সেতু নির্মাণে ১০৪২ কোটি ২৮ লক্ষ টাকা ব্যয়ে প্রকল্পের বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। প্রকল্পটি মার্চ ২০২০ হতে ডিসেম্বর ২০২৫ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। গত ১৪ নভেম্বর ২০২৩ তারিখ প্রকল্পের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। বর্তমানে ভূমি অধিগ্রহণ ও ভৌত নির্মাণ কাজ চলমান রয়েছে। জুন ২০২৫ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ১৫.৪৫%।

### (৩) পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়ক প্রশস্তকরণ ও দোতলা রাস্তা নির্মাণ প্রকল্প

৩৩১৮ কোটি ৭৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে পঞ্চবটি হতে মুক্তারপুর সেতু পর্যন্ত ১০.৮১ কিলোমিটার সড়ক প্রশস্তকরণ ও ৯.০৬ কিলোমিটার দোতলা রাস্তা নির্মাণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণ ও ভৌত নির্মাণ কাজ চলমান রয়েছে। বর্তমান সড়কটি খুব সংকীর্ণ, আঁকাবাঁকা ও রাস্তার উভয় পাশে ব্যবসা প্রতিষ্ঠান, বসত-বাড়ি, দোকান-পাট থাকায় যানবাহন চলাচলে প্রায়শঃ দীর্ঘ যানজটের সৃষ্টি

হয়। এছাড়া, মুন্সীগঞ্জের মুক্তারপুরে বিসিক শিল্পাঞ্চল, রপ্তানিমুখী গার্মেন্টস ফ্যাক্টরি, সিমেন্ট ফ্যাক্টরি এবং আলু সংরক্ষণের জন্য বেশ কয়েকটি কোল্ড স্টোরেজ থাকায় প্রতিদিন প্রায় লক্ষাধিক শ্রমিক রাস্তাটি ব্যবহার করে এবং উক্ত সড়কে ২৪ টন থেকে প্রায় ৫০ টন পর্যন্ত ভারী যানবাহন নিয়মিত চলাচল করায় প্রায়শঃ দুর্ঘটনা ঘটে। প্রকল্পটি বাস্তবায়িত হলে দক্ষিণাঞ্চলের যানবাহনগুলোকে রাজধানীতে প্রবেশ করতে হবে না। দক্ষিণ-পূর্বাঞ্চলমুখী যানবাহন তৃতীয় শীতলক্ষ্যা সেতু হয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে চলাচল করবে। ফলে এটি যানজট কমানোর পাশাপাশি জনসাধারণের দুর্ভোগ কমাবে। জুন ২০২৫ পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতি ৭১.২০%।

### (৪) মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর সেতু নির্মাণ

মতলব উত্তর-গজারিয়া সড়কে মেঘনা-ধনাগোদা নদীর উপর ১.৮৫ কিলোমিটার দীর্ঘ সেতুটি ৪১৭৪.৬৭৯৬ কোটি (চার হাজার একশত চুয়াত্তর কোটি সাতষট্টি লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা [জিওবি ৬৬০.৭২১০ কোটি টাকা এবং দক্ষিণ কোরিয়ার EDCF এর ঋণ ৩৫১৩.৯৫৮৬ কোটি টাকা] প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন রয়েছে। বর্তমানে প্রকল্পের আওতায় ভূমি অধিগ্রহণ এবং ঠিকাদার ও পরামর্শক নিয়োগের লক্ষ্যে টেন্ডার কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পটি ০১ জানুয়ারি ২০২৪ থেকে ৩১ ডিসেম্বর ২০২৮ মেয়াদে বাস্তবায়িত হবে।

এ সেতুটি ঢাকা এবং চট্টগ্রাম বিভাগের মধ্যে বিকল্প সড়ক যোগাযোগ স্থাপন করবে। এ সেতু নির্মাণের ফলে চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী এবং ভোলা জেলার সাথে রাজধানী ঢাকার সড়ক যোগাযোগ স্থাপিত হবে। এতে যাতায়াতের দূরত্ব, সময় এবং ব্যয় হ্রাস পাবে। সেতুটি ব্যবহারের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক (N-1) এর উপর যানবাহনের চাপ কমবে। সেই সাথে চাঁদপুর জেলার অন্তর্গত মতলব উত্তর ও হাইমচর উপজেলায় অনুমোদিত দুইটি অর্থনৈতিক অঞ্চলের মধ্যে পণ্য পরিবহন সহজতর করার মাধ্যমে দেশের সামগ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ডে অবদান রাখবে। প্রতিবছর জিডিপির প্রায় ০.২৩ শতাংশ বৃদ্ধি পাবে। নদীর অববাহিকতায় নতুন শিল্পাঞ্চলসহ পর্যটন শিল্প বিকাশের পাশাপাশি নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে, যা এই অঞ্চলের মানুষের জীবনযাত্রার মানোন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। এছাড়া, চাঁদপুর জেলার বিভিন্ন উপজেলায় উপশহর গড়ে উঠবে। এতে আবাসনসহ বিভিন্ন অর্থনৈতিক কর্মকাণ্ডে রাজধানী ঢাকার উপর নির্ভরতা হ্রাস পাবে।

### (৫) সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং ইউটিলিটি স্থানান্তরের ব্যয় নির্বাহে বাংলাদেশ সরকারের নিজস্ব অর্থায়নে ৩২১৬ কোটি ৮৭ লক্ষ টাকা ব্যয়ে লিংক প্রকল্প হিসেবে "সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট" শীর্ষক প্রকল্পটি ১৮ অক্টোবর ২০১১ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে ৪৯১৭ কোটি ৫৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়। এ প্রকল্পের আওতায় উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ হলো ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের ভূমি অধিগ্রহণ, ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন, ইউটিলিটি স্থানান্তর এবং পরামর্শক সেবা। প্রকল্পটির মেয়াদকাল ডিসেম্বর ২০২৬ পর্যন্ত। এলিভেটেড এক্সপ্রেসওয়ে মূল অ্যালাইনমেন্ট বরাবর ভূমি অধিগ্রহণ এবং ১ম পর্যায়ের ইউটিলিটি অপসারণ/প্রতিস্থাপন সম্পন্ন হয়েছে। তাছাড়া, ভবন অপসারণ ও পুনর্বাসন ভিলেজ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। জুন ২০২৫ পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ৯৭.৯০%।

### (৬) গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (এলিভেটেড অংশ)

গাজীপুর হতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর পর্যন্ত মোট ২০.৫০ কিলোমিটার Bus Rapid Transit বা BRT লেনের মধ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক উত্তরা হাউজ বিল্ডিং হতে টঙ্গী চেরাগ আলী মার্কেট পর্যন্ত ৪.৫০ কিলোমিটার এলিভেটেড অংশ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। সম্পাদিত ঠিকাদারি চুক্তি মোতাবেক এলিভেটেড অংশের প্রাক্কলিত ব্যয় ৯৩৫১২.৯৮ লক্ষ টাকা। এলিভেটেড অংশের ৩.৫০ কি.মি. ৬ লেনের (মিক্সড ট্র্যাফিক ৪ লেন + বিআরটি ডেডিকেটেড ২ লেন) এবং অবশিষ্ট ১.০০ কি.মি. বিআরটি ডেডিকেটেড ২ লেন।

ইতোমধ্যে উত্তরা বি.এন.এস সেন্টার হতে টঙ্গী চেরাগ আলী মার্কেট পর্যন্ত ৪.৫০ কি. মি. উড়াল সড়কটি ঢাকামুখী এবং ময়মনসিংহমুখী যানচলাচলের জন্য খুলে দেয়া হয়েছে। প্রকল্পটি সম্পূর্ণ বাস্তবায়িত হলে ঢাকা শহরের যানজট নিরসনে উল্লেখযোগ্য অবদান রাখবে।

### (৭) সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II (বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ অংশ)

সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II এর প্যাকেজ-৫ ও প্যাকেজ-৬ এর কাজ বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। এডিবি অর্থায়নে প্যাকেজ-৫ ও প্যাকেজ-৬ এর নির্মাণ কাজের ব্যয় যথাক্রমে ৬০১.১০ কোটি টাকা এবং ৮১৯.১৬ কোটি টাকা। জুন ২০২৫ পর্যন্ত প্যাকেজ-৫ ও প্যাকেজ-৬ এর ভৌত অগ্রগতি যথাক্রমে ৩৪.৬২% এবং ৮৯.৩১%। প্রকল্পটি বাস্তবায়িত হলে যাত্রী ও পণ্য পরিবহনসহ দ্রুত ও নিরাপদ চলাচলের সুবিধা সৃষ্টির পাশাপাশি দেশের বিভিন্ন স্থানের সাথে প্রতিবেশী দেশগুলোর অর্থনৈতিক যোগাযোগ ব্যবস্থা স্থাপিত হবে। দেশে নতুন বিনিয়োগের ক্ষেত্র সৃষ্টির মাধ্যমে অর্থনৈতিক প্রবৃদ্ধির চাকা সচল থাকবে। গুরুত্বপূর্ণ বাজার এলাকায় আন্ডারপাস ও জংশনগুলোতে ফ্লাইওভার নির্মাণের কারণে আঞ্চলিক অর্থনীতি ও যোগাযোগ ব্যবস্থায় ইতিবাচক পরিবর্তন আসবে।

### (৮) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের কর্মকর্তা ও কর্মচারীদের স্ব স্ব ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কাজের গুণগত ও পরিমাণগত সক্ষমতা বৃদ্ধি ও দাপ্তরিক সেবার মানোন্নয়নের লক্ষ্যে ১৮ কোটি ৭১ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে "বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মানব সম্পদ উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্প" চলমান রয়েছে। প্রকল্পের মেয়াদ জুন ২০২৬ পর্যন্ত। এ প্রকল্পের অধীনে বছরব্যাপী বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ, সেমিনার এবং ওয়ার্কশপ আয়োজন করা হয়ে থাকে। এছাড়া, বর্ণিত প্রকল্পের আওতায় দেশের বাইরে ও বিভিন্ন বিশেষায়িত প্রতিষ্ঠানে বিষয়ভিত্তিক প্রশিক্ষণ এর মাধ্যমে কর্মকর্তাগণ পেশাগত জ্ঞান, দক্ষতা ও অভিজ্ঞতা অর্জন করেন।

## ২.১৮। পিপিপি প্রকল্প

### (১) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রজেক্ট

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে বাংলাদেশের প্রথম এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প। ঢাকা শহরের যানজট নিরসনের লক্ষ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হতে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের কুতুবখালি পর্যন্ত পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) এর আওতায় ৮৯৪০ কোটি ১৮ লক্ষ টাকা ব্যয়ে র‌্যাম্পসহ মোট ৪৬.৭৩ কিলোমিটার দীর্ঘ (১৯.৭৩ কিলোমিটার দীর্ঘ মূল এলিভেটেড এক্সপ্রেসওয়ে এবং ২৭ কিলোমিটার দীর্ঘ র‌্যাম্প) এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের সাথে ১৫ ডিসেম্বর ২০১৩ তারিখ চুক্তি স্বাক্ষরিত হয়। প্রকল্পের বিনিয়োগকারী প্রতিষ্ঠান ফার্স্ট ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে কোম্পানি লিমিটেড। এর দুইটি শেয়ারহোল্ডার- চায়নাভিত্তিক প্রতিষ্ঠান শেনডং ইন্টারন্যাশনাল ইকোনোমিক অ্যান্ড টেকনিক্যাল কো-অপারেশন গ্রুপ (৮০%), সিনোহাইড্রো কর্পোরেশন লিমিটেড (২০%)। এক্সপ্রেসওয়েটি তিনটি ধাপে নির্মিত হচ্ছে। এর মধ্যে জুন ২০২৫ পর্যন্ত প্রথম ধাপের ১০০%, ২য় ধাপের ৭৯.৮৪% এবং ৩য় ধাপের ১২.৪০% ভৌত কাজ সম্পাদিত হয়েছে। প্রকল্পের সার্বিক ভৌত অগ্রগতি ৭৪.৯২%। উল্লেখ্য, প্রকল্পের আওতায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের দক্ষিণে কাওলা থেকে ফার্মগেট পর্যন্ত র‌্যাম্পসহ মোট ২২.৫ কিলোমিটার অংশ যান চলাচলের লক্ষ্যে ০৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখ হতে উন্মুক্ত করে দেয়া হয়েছে।

ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ কাজ সম্পন্ন হলে ঢাকা শহরে আরও প্রায় ৪৭ কিলোমিটার নতুন সড়ক যোগ হবে। এ শহরের গুরুত্বপূর্ণ বিভিন্ন এলাকা যেমন; বিমানবন্দর, কুড়িল, মহাখালী, তেজগাঁও, মানিকমিয়া এভিনিউ, পলাশী, সোনারগাঁও মোড়, অতীশ দীপংকর সড়ক, মতিঝিল ইত্যাদি স্থানের জনগণ এ এক্সপ্রেসওয়ে দিয়ে উঠা-নামা করতে পারবে এবং যানজটের কারণে বর্তমানে বহুসংখ্যক গাড়ির যে জ্বালানি ও মানুষের কর্মঘণ্টা নষ্ট হয় তা বহুলাংশে হ্রাস পাবে। এটি ঢাকা শহরের যানজট নিরসনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

## ২.১৯। প্রক্রিয়াধীন উল্লেখযোগ্য প্রকল্প

### (১) শরীয়তপুর-চাঁদপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ

শরীয়তপুর-চাঁদপুর সড়কে মেঘনা নদীর উপর ৮ কিলোমিটার দীর্ঘ সেতু নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। বর্ণিত সেতুটি ২০৩০ সালের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যানে সুপারিশ করা হয়েছে। প্রকল্পের পিডিপিপি প্রণয়নপূর্বক নীতিগত অনুমোদন গ্রহণের জন্য ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখ পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের

ভূমি অধিগ্রহণের নিমিত্ত ডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে। এছাড়া, বর্ণিত সেতুটি কোরিয়া এক্সিম ব্যাংক এর অর্থায়নে বাস্তবায়নের লক্ষ্যে EDCF Framework Agreement 2023-27 এ অগ্রাধিকার প্রকল্প হিসেবে বর্ণিত প্রকল্পটি ২০২৬-২৭ সময়ে পাইপলাইনে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রস্তাবিত সেতুটি নির্মিত হলে দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের সাথে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের যোগাযোগ সহজ হবে। বর্তমানে এ অ্যালাইনমেন্টে ফেরির মাধ্যমে যোগাযোগ বিদ্যমান রয়েছে। সেতুটি নির্মিত হলে খুলনা ও বরিশালের সাথে চট্টগ্রাম ও সিলেটের যোগাযোগ সহজতর হবে (ভ্রমণ সময় ও দূরত্ব কমবে)।

### (২) পিপিপি ভিত্তিতে ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ

ঢাকা-আরিচা মহাসড়কের বালিয়াপুর হতে নিমতলী-কেরাণীগঞ্জ-ফতুল্লা-বন্দর হয়ে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের লাঙ্গলবন্দ পর্যন্ত ১৬,৩৮৮ কোটি ৫০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩৯.২৪ কিলোমিটার দীর্ঘ ঢাকা ইস্ট-ওয়েস্ট এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। ০৮ ডিসেম্বর ২০২১ তারিখে Cabinet Committee on Economic Affairs (CCEA) এর সভায় প্রকল্পটি পিপিপি ভিত্তিতে বাস্তবায়নের নীতিগত সিদ্ধান্ত অনুমোদিত হয়েছে। Transaction Advisor হিসেবে IIFC-কে নিয়োগ প্রদান করা হয়েছে। বর্তমানে Transaction Advisor-এর কার্যক্রম চলমান আছে। এটি নির্মিত হলে ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকার যানজট অনেকাংশে হ্রাস পাবে।

### (৩) ধলেশ্বরী নদীর উপর ২য় মুক্তারপুর সেতু নির্মাণ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের আওতাধীন ২ লেন বিশিষ্ট ৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী (মুক্তারপুর সেতু) সেতুর নির্মাণ কাজ China Road & Bridge Corporation (CRBC)'র মাধ্যমে ২০০৮ সালে বাস্তবায়ন করা হয়। বর্তমানে পঞ্চবটি থেকে মুক্তারপুর সেতু পর্যন্ত সড়কটি ৪ লেনে উন্নীত করা হচ্ছে এবং সেতুর অপর প্রান্তের সড়কও ৪ লেনের রয়েছে। উল্লেখ্য, এই এলাকায় অনেক শিল্প কারখানা গড়ে উঠায় ট্র্যাফিক সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে, যা সেতুর উপর বাড়তি চাপ তৈরি করছে। এ বাড়তি চাপ মোকাবিলাসহ সার্বিক অর্থনৈতিক গুরুত্ব বিবেচনায় বর্তমান সেতুর পাশে ২ লেনের আরও একটি সেতু নির্মাণ করা প্রয়োজন। ইতোমধ্যে, চীনের নির্মাণ প্রতিষ্ঠান CCCC'র সহযোগী প্রতিষ্ঠান China Road & Bridge Corporation (CRBC) তাদের নিজ খরচে বর্ণিত সেতুর পাশে ২য় আরেকটি সেতু নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করছে। পরামর্শক প্রতিষ্ঠান ইতোমধ্যে Inception Report দাখিল করেছে। উল্লেখ্য, প্রকল্পের পিডিপিপি ২৫ আগস্ট ২০২৫ তারিখ পরিকল্পনা কমিশন কর্তৃক নীতিগতভাবে অনুমোদিত হয়েছে।

### (৪) বরিশাল-ভোলা সড়কে কালাবদর ও তেঁতুলিয়া নদীর উপর সেতু নির্মাণ

বরিশাল-ভোলা সড়কে কালাবদর ও তেঁতুলিয়া নদীর উপর সেতু নির্মাণের লক্ষ্যে ইতঃপূর্বে সম্পাদিত সম্ভাব্যতা সমীক্ষা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যান প্রণয়নে প্রকল্পের আওতায় পুনরায় যাচাই করা হয়েছে। এ লক্ষ্যে প্রস্তুতকৃত হালনাগাদ খসড়া পিডিপিপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে ০৬ জানুয়ারি ২০২৫ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে এবং একই তারিখে বৈদেশিক সহায়তা প্রাপ্তির লক্ষ্যে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)-তে প্রেরণ করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ এবং জাপান সরকারের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আলোকে অনুষ্ঠিত ৭ম প্লাটফর্ম সভায় প্রকল্পটি উপস্থাপন করা হয়েছে।

### (৫) ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ

অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৯ আগস্ট ২০২০ তারিখের সভায় ভুলতা-আড়াইহাজার-বাঞ্ছারামপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ প্রকল্পটি পিপিপি পদ্ধতিতে বাস্তবায়নের বিষয়ে নীতিগতভাবে অনুমোদিত হয়। কোরিয়ান প্রতিষ্ঠানের সমন্বয়ে গঠিত Consortium প্রকল্পটি বাস্তবায়ন করবে মর্মে সিদ্ধান্ত হয়। বিশনন্দী-কড়ইকান্দি ফেরীঘাট অবস্থানে প্রস্তাবিত সেতুটির দৈর্ঘ্য হবে ৩.৩১ কিলোমিটার ও উভয় প্রান্তের সংযোগ সড়কের দৈর্ঘ্য হবে ৪.৪ কিলোমিটার। প্রকল্পের VGF Proposal অর্থ বিভাগ কর্তৃক নীতিগতভাবে অনুমোদনের প্রেক্ষিতে বিনিয়োগকারী বরাবর RFP ইস্যু করা হয়। তবে বিনিয়োগকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে RFP প্রস্তাব দাখিল করেনি। বিনিয়োগকারী প্রতিষ্ঠান নির্ধারিত সময়ে RFP দাখিল না করায় এবং প্রকল্পটি বাস্তবায়নে পর্যাপ্ত সময় ও প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের পরও ইতোমধ্যে দীর্ঘ সময় অতিক্রান্ত হওয়ায় প্রস্তাবিত প্রকল্পটি পিপিপি ভিত্তিতে নির্মাণের পরিবর্তে বৈদেশিক উন্নয়ন সহযোগীর সহায়তায় নির্মাণের বিষয়টি বিবেচনাধীন রয়েছে। প্রস্তাবিত এ সেতুটি ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর ও নবীনগরের সাথে ঢাকা ও অন্যান্য জেলার সরাসরি যোগাযোগ স্থাপনের মাধ্যমে ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা-সিলেট হাইওয়ের বিকল্প অ্যালাইনমেন্ট হিসেবে কাজ করবে।

## ২.২০। ভবিষ্যতে বাস্তবায়িতব্য সম্ভাব্য প্রকল্প

### (১) দেশের দ্বীপ অঞ্চলের সাথে যোগাযোগ স্থাপনের জন্য সেতু/টানেল নির্মাণ

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যানে দেশের দ্বীপ অঞ্চলের সাথে যোগাযোগ স্থাপনের জন্য নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের সুপারিশ করা হয়েছেঃ

১। Bridge/Tunnel at Cox's Bazar-Moheshkhali channel
২। Musapur (Noakhali)-Urirchar Island Bridge
৩। Shukchar (Hatiya island)-Santipur (Noakhali) bridge
৪। Bashkhali-Kutubdia Island Bridge
৫। Bridge over the Sandwip Channel along Sitakunda and Sandwip Island
৬। Bridge over Meghna at Bhola-Laksmipur
৭। Bridge over Kalabador and Tetulia River at Bhola-Barisal
৮। Bridge at Dashmina-Char Bhuta over Tetulia River
৯। Bridge over Kaptai at Langadu

### (২) পাটুরিয়া-গোয়ালন্দ অবস্থানে দ্বিতীয় পদ্মা সেতু

পাটুরিয়া-গোয়ালন্দ পয়েন্টে ২য় পদ্মা সেতু নির্মাণের লক্ষ্যে ২০০৫ সালে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করা হয়। ২য় পদ্মা সেতু নির্মাণের পরিকল্পনা বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যান প্রণয়ন প্রকল্পে অন্তর্ভুক্ত করা হয়েছে। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যান প্রণয়ন প্রকল্পের খসড়া প্রতিবেদনে পাটুরিয়া-গোয়ালন্দ অ্যালাইনমেন্টে ২য় পদ্মা সেতু নির্মাণের সুপারিশ করা হয়েছে।

### (৩) ঢাকা শহরে সাবওয়ে নির্মাণ

ঢাকা শহরে সাবওয়ে নির্মাণে ২০২২ সালে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। সমীক্ষা প্রতিবেদনে ১২টি রুটে মোট ২৫৮ কিলোমিটার দীর্ঘ সাবওয়ে নির্মাণের সুপারিশ করা হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য ৪টি রুটের বিবরণ নিম্নরূপ:

- **ঢাকা সাবওয়ে রুট "O" এর বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ:**

  ঢাকা শহরের টঙ্গী হতে মহাখালী এবং সদরঘাট হয়ে ঝিলমিল পর্যন্ত সাবওয়ে রুট "O" নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। এ রুটের দৈর্ঘ্য ৩৪.৯২ কিলোমিটার এবং মোট স্টেশন সংখ্যা ২৪টি। এটি নির্মিত হলে ঢাকা শহরের উত্তর অংশ হতে দক্ষিণ অংশে যাতায়াত সহজ হবে। এছাড়া, এ রুট নির্মিত হলে MRT-6 এবং MRT-2 এর উপযোগিতা বৃদ্ধি পাবে। এ রুটের বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ৯৭১৫৯ কোটি ১১ লক্ষ টাকা।

- **ঢাকা সাবওয়ে রুট "B" এর বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ:**

  ঢাকা শহরের গাবতলী হতে বিসিএসএওএইচএস (ঢেলনা) পর্যন্ত সাবওয়ে রুট "B" নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। এ রুটের দৈর্ঘ্য ২২.৮৯ কিলোমিটার এবং মোট স্টেশন সংখ্যা ১৪টি। এটি নির্মিত হলে ঢাকা শহরের পশ্চিম অংশ হতে পূর্ব অংশে যাতায়াত সহজ হবে। গাবতলীতে MRT-2 এবং MRT-5 এর লাইন থাকবে। এছাড়া, সাবওয়ের "B" রুট MRT-6 এবং MRT-1 এর সাথে সংযুক্ত হবে। এ রুটের বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ৫৬২৭৭ কোটি ৩৯ লক্ষ টাকা।

- **ঢাকা সাবওয়ে রুট "S" এর বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ:**

  ঢাকা শহরের কেরাণীগঞ্জ হতে কাঁচপুর পর্যন্ত সাবওয়ে রুট "S" নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। এ রুটের দৈর্ঘ্য ২৫.২২ কিলোমিটার এবং মোট স্টেশন সংখ্যা ১৫টি। এটি নির্মিত হলে ঢাকা শহরের পূর্ব অংশ হতে পশ্চিম অংশে যাতায়াত সহজ হবে। এছাড়া, এ রুট নির্মিত হলে MRT-6 এবং MRT-2 এর উপযোগিতা বৃদ্ধি পাবে। এ রুটের বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ৬২১৯২ কোটি ৬০ লক্ষ টাকা।

- **ঢাকা সাবওয়ে রুট "T" এর বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ:**

নারায়ণগঞ্জ হতে উত্তরা সেক্টর-১৬ পর্যন্ত সাবওয়ে রুট "T" নির্মাণের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন হয়েছে। এ রুটের দৈর্ঘ্য ৪৫.১১ কিলোমিটার এবং মোট স্টেশন সংখ্যা ৩২টি। এটি নির্মিত হলে নারায়ণগঞ্জ শহরের সাথে ঢাকা শহরের উত্তর অংশের যাতায়াত সহজ হবে। এছাড়া, নারায়ণগঞ্জে MRT-4 এর লাইন সংযুক্ত হবে। এ রুটের বিস্তারিত নকশা প্রণয়ন ও নির্মাণ কাজের প্রাক্কলিত ব্যয় ১২১১৬৭ কোটি ৯৬ লক্ষ টাকা।

## (৪) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যানে চিহ্নিত অন্যান্য সম্ভাব্য প্রকল্প

| ক্রম. | প্রকল্পের নাম |
|---|---|
| ১। | ঢাকা শহরে ইনার সার্কুলার সড়ক নির্মাণ (আংশিক) |
| ২। | গজারিয়া-মুন্সীগঞ্জ সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ |
| ৩। | কক্সবাজার-মহেশখালী সড়কে সেতু নির্মাণ |
| ৪। | পাটুরিয়া-দৌলতদিয়া সড়কে পদ্মা নদীর উপর সেতু নির্মাণ |
| ৫। | রাজবাড়ী-পাবনা সড়কে পদ্মা নদীর উপর সেতু নির্মাণ |
| ৬। | বগুড়া-জামালপুর সড়কে যমুনা নদীর উপর সেতু নির্মাণ |
| ৭। | বালাশীঘাট (গাইবান্ধা)-দেওয়ানগঞ্জ ঘাটে (জামালপুর) যমুনা নদীর তলদেশে টানেল নির্মাণ |
| ৮। | কুড়িগ্রাম জেলার চিলমারী-রৌমারী সড়কে ব্রহ্মপুত্র নদের উপর সেতু নির্মাণ |
| ৯। | ঢাকা শহরে সাবওয়ে নির্মাণ |
| ১০। | সুনামগঞ্জ-নেত্রকোণা সড়কে হাওড়ের উপর এলিভেটেড সড়ক নির্মাণ |
| ১১। | ভোলা-লক্ষ্মীপুর সড়কে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ |
| ১২। | বাকেরগঞ্জ-বাউফল সড়কে কারখানা নদীর উপর সেতু নির্মাণ |
| ১৩। | বরগুনা-পাথরঘাটা সড়কে বিষখালী নদীর উপর সেতু নির্মাণ |
| ১৪। | কঁচা নদীর উপর ভাণ্ডারিয়া-পিরোজপুর-চরখালী-ঝালকাঠি সড়কে সেতু নির্মাণ |
| ১৫। | মেরিন ড্রাইভ সড়কে সাঙ্গু নদীর উপর সেতু নির্মাণ |
| ১৬। | শাল্লা এবং জগন্নাথপুরের মধ্যে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ |
| ১৭। | চাঁদপুর ইকোনমিক জোন (ইজেড)-২ এর সাথে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ |
| ১৮। | চাঁদপুর ইকোনমিক জোন (ইজেড)-১ এর সাথে মেঘনা নদীর উপর সেতু নির্মাণ |
| ১৯। | মোংলা বন্দরে পশুর নদীর উপর সেতু নির্মাণ |
| ২০। | দিঘলিয়া ও টুটপাড়ার মধ্যে রূপসা নদীর উপর খুলনা ওভারপাস নির্মাণ |
| ২১। | কেন্দুয়া এবং তাড়াইলের মধ্যে হাওড় এলাকায় এলিভেটেড সড়ক নির্মাণ |
| ২২। | সিলেটে সার্কিট হাউস থেকে এয়ারপোর্ট পর্যন্ত এলিভেটেড সড়ক নির্মাণ |
| ২৩। | মুসাপুর (নোয়াখালী)- উজিরপুর চর এর মধ্যে সেতু নির্মাণ |
| ২৪। | ছোট ছানাউয়া (বাঁশখালী)-কুতুবদিয়া দ্বীপের মধ্যে সেতু নির্মাণ |
| ২৫। | কর্ণফুলী নদীতে দ্বিতীয় টানেল নির্মাণ |
| ২৬। | কুষ্টিয়া-পাবনা সড়কে পদ্মা নদীর উপর সেতু নির্মাণ |
| ২৭। | হাতিয়া-নোয়াখালী দ্বীপের সাথে সেতু নির্মাণ |

## ২.২১। বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের স্থাপনাসমূহের টোল হার

### (১) যমুনা সেতুর টোল হার

| ক্রম. | যানবাহনের শ্রেণিবিন্যাস | ২০২২ সালে নির্ধারিত টোল হার (টাকায়) |
|---|---|---|
| ১। | মোটর সাইকেল | ৫০.০০ |
| ২। | হালকা যানবাহন (কার/জিপ) | ৫৫০.০০ |
| ৩। | হালকা যানবাহন (মাইক্রো, পিকআপ) (১.৫ টন এর কম) | ৬০০.০০ |
| ৪। | ছোট বাস (৩১ আসন বা এর কম) | ৭৫০.০০ |
| ৫। | বড় বাস (৩২ আসন বা এর বেশি) | ১০০০.০০ |
| ৬। | ছোট ট্রাক (৫ টন পর্যন্ত) | ১০০০.০০ |
| ৭। | মাঝারি ট্রাক (৫ টন হতে ৮ টন পর্যন্ত) | ১২৫০.০০ |
| ৮। | মাঝারি ট্রাক (৮ টন হতে ১১ টন পর্যন্ত) | ১৬০০.০০ |
| ৯। | ট্রাক (৩ এক্সেল) | ২০০০.০০ |
| ১০। | ট্রেইলার (৪ এক্সেল পর্যন্ত) | ৩০০০.০০ |
| ১১। | ট্রেইলার (৪ এক্সেলের অধিক) | ৩০০০.০০+ প্রতি এক্সেল ১০০০.০০ |
| ১২। | ট্রেন | বাৎসরিক ১ কোটি টাকা |

### (২) মুক্তারপুর (৬ষ্ঠ বাংলাদেশ-চীন মৈত্রী) সেতুর টোল হার

| ক্রম. | যানবাহনের শ্রেণিবিন্যাস | ২০২২ সালে নির্ধারিত টোল হার (টাকায়) |
|---|---|---|
| ১। | ভ্যান (৩ চাকাবিশিষ্ট)/মোটর সাইকেল | ১৫.০০ |
| ২। | সিএনজি/অটোরিক্সা (৩ চাকাবিশিষ্ট) | ৩০.০০ |
| ৩। | কার/টেম্পু | ৫০.০০ |
| ৪। | জিপ/মাইক্রো/পিক-আপ (৪ চাকা বিশিষ্ট) | ৫০.০০ |
| ৫। | ছোট বাস (৩১ আসন বা এর কম) | ১৫০.০০ |
| ৬। | বড় বাস (৩২ আসন বা এর বেশি) | ২৫০.০০ |
| ৭। | ছোট ট্রাক (৫ টন পর্যন্ত) | ২০০.০০ |
| ৮। | মাঝারি ট্রাক (৫ টন হতে ৮ টন পর্যন্ত) | ২৫০.০০ |
| ৯। | মাঝারি ট্রাক (৮ টন হতে ১১ টন পর্যন্ত) | ৬০০.০০ |
| ১০। | ট্রাক (৩ এক্সেল পর্যন্ত) | ৮০০.০০ |
| ১১। | ট্রেইলার (৪ এক্সেল পর্যন্ত) | ১০০০.০০ |
| ১২। | ট্রেইলার (৪ এক্সেলের অধিক) | ১০০০.০০ + প্রতি এক্সেল ৫০০.০০ |

### (৩) পদ্মা সেতুর টোল হার

| ক্রম. | যানবাহনের শ্রেণিবিন্যাস | ২০২২ সালে নির্ধারিত টোল হার (টাকায়) |
|---|---|---|
| ১। | মোটর সাইকেল | ১০০.০০ |
| ২। | কার/জিপ | ৭৫০.০০ |
| ৩। | পিকআপ | ১২০০.০০ |
| ৪। | মাইক্রোবাস | ১৩০০.০০ |
| ৫। | ছোট বাস (৩১ আসন বা এর কম) | ১৪০০.০০ |
| ৬। | মাঝারি বাস (৩২ আসন বা এর বেশি) | ২০০০.০০ |
| ৭। | বড় বাস (৩ এক্সেল) | ২৪০০.০০ |
| ৮। | ছোট ট্রাক (৫ টন পর্যন্ত) | ১৬০০.০০ |
| ৯। | মাঝারি ট্রাক (৫ টন হতে ৮ টন পর্যন্ত) | ২১০০.০০ |
| ১০। | মাঝারি ট্রাক (৮ টন হতে ১১ টন পর্যন্ত) | ২৮০০.০০ |
| ১১। | ট্রাক (৩ এক্সেল) | ৫৫০০.০০ |
| ১২। | ট্রেইলার (৪ এক্সেল পর্যন্ত) | ৬০০০.০০ |
| ১৩। | ট্রেইলার (৪ এক্সেলের অধিক) | ৬০০০.০০+ প্রতি এক্সেল ১৫০০.০০ |

### (৪) ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ের টোল হার

'ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প'-এর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর প্রান্ত হতে ফার্মগেইট প্রান্ত পর্যন্ত অংশের যে কোন স্থানে উঠা-নামার জন্য অনুমোদিত যানবাহনের শ্রেণি এবং টোল হার নিম্নরূপ:

| ক্রম. | যানবাহনের শ্রেণিবিন্যাস | ২০২৩ সালে নির্ধারিত টোল হার (টাকায়, ভ্যাট সহ) |
|---|---|---|
| ১. | কার, ট্যাক্সি, জিপ, স্পোর্টস ইউটিলিটি ভেহিক্যাল, মাইক্রোবাস (১৬ সিটের কম) এবং হালকা ট্রাক (৩ টনের কম) | ৮০ |
| ২. | সকল ধরনের বাস (১৫ সিট বা এর বেশি) | ১৬০ |
| ৩. | মাঝারি ট্রাক (৬ চাকা পর্যন্ত) | ৩২০ |
| ৪. | ট্রাক (৬ চাকার বেশি) | ৪০০ |

### (৫) কর্ণফুলী টানেলের টোল হার

| ক্রম. | যানবাহনের শ্রেণিবিন্যাস | ২০২৩ সালে নির্ধারিত টোল হার (টাকায়) |
|---|---|---|
| ১. | কার, জিপ | ২০০.০০ |
| ২. | পিকআপ | ২০০.০০ |
| ৩. | মাইক্রোবাস | ২৫০.০০ |
| ৪. | বাস (৩১ আসন বা এর কম) | ৩০০.০০ |
| ৫. | বাস (৩২ আসন বা এর বেশি) | ৪০০.০০ |
| ৬. | বাস (৩ এক্সেল) | ৫০০.০০ |
| ৭. | ট্রাক (৫ টন পর্যন্ত) | ৪০০.০০ |
| ৮. | ট্রাক (৫.০১ টন হতে ৮ টন পর্যন্ত) | ৫০০.০০ |
| ৯. | ট্রাক (৮.০১ টন হতে ১১ টন পর্যন্ত) | ৬০০.০০ |
| ১০. | ট্রাক/ট্রেইলার (৩ এক্সেল) | ৮০০.০০ |
| ১১. | ট্রাক/ট্রেইলার (৪ এক্সেল) | ১০০০.০০ |
| ১২. | ট্রাক/ট্রেইলার (৪ এক্সেলের অধিক) | ১০০০.০০ + প্রতি এক্সেল ২০০.০০ |

## ২.২২। উপসংহার

বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ দেশের অবকাঠামো উন্নয়ন, যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে আসছে। এ প্রতিষ্ঠানের কর্মকাণ্ড ও সাফল্য আমাদের জাতীয় অর্থনীতিকে গতিশীল করেছে এবং আঞ্চলিক সংযোগ বৃদ্ধিতে নতুন দিগন্ত উন্মোচন করেছে। পদ্মা সেতু, কর্ণফুলী টানেলের মত মেগা প্রকল্প বাস্তবায়ন দেশের জনগণের আস্থা বৃদ্ধি করেছে এবং আন্তর্জাতিক পরিমণ্ডলেও বাংলাদেশের সক্ষমতাকে সুপ্রতিষ্ঠিত করেছে।

ভবিষ্যতের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ টেকসই, পরিবেশবান্ধব ও জনবান্ধব উন্নয়ন কৌশল গ্রহণে অঙ্গীকারবদ্ধ। সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে আধুনিক সেতু ও যোগাযোগ অবকাঠামো নির্মাণে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ প্রতিশ্রুতিবদ্ধ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ
সেতু ভবন, বনানী, ঢাকা-১২১২
www.bba.gov.bd

# বাংলাদেশ সেতু কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)

## ১. ভিশন ও মিশন

ভিশন : দেশব্যাপী নিরবচ্ছিন্ন পরিবহন (ট্রান্সপোর্টেশন) নেটওয়ার্ক।

